## পুরনিগম-মহকুমা পরিষদের সঙ্গে হাত মিলিয়ে কাজ

# ভোটের লক্ষ্যে অস্ত্র এসজেডিএ

**সাগর বাগচী**

**শিলিগুড়ি, ১৫ জুলাই :** লক্ষ্য বিধানসভা ভোট। শিলিগুড়ির তিনটি বিধানসভা কেন্দ্র বিজেপির হাত থেকে ছিনিয়ে নিতে শিলিগুড়ি-জলপাইগুড়ি উন্নয়ন কর্তৃপক্ষের (এসজেডিএ) ওপরেই ভরসা। আর তাই মেয়র গৌতম দেব এবং মহকুমা পরিষদের সভাধিপতি অরুণ ঘোষকে পাশে নিয়েই পা ফেলতে চাইছেন এসজেডিএ'র চেয়ারম্যান দিলীপ দুগার। তিনি দফায় দফায় মেয়র এবং মহকুমা পরিষদের সভাধিপতির সঙ্গে বৈঠক করছেন। মহকুমার উন্নয়নের স্বার্থে এই দুই প্রশাসনিক কর্তাকে নিয়ে তিনি কলকাতায় গিয়ে দরবার করবেন বলেও এসজেডিএ'র চেয়ারম্যান জানিয়েছেন। পাশাপাশি শহর এবং গ্রামের উন্নয়নে শামিল হতে প্রতি মাসে দু'বার করে বৈঠকের সিদ্ধান্ত নিয়েছেন। দলের অন্দরেই গুঞ্জন যে, এর আগে কোনওদিন পুরনিগম এবং মহকুমা পরিষদকে পাশে নিয়ে এসজেডিএ'র চেয়ারম্যানের কাজ করার ঘটনা দেখা যায়নি। সামনে বিধানসভা ভোট থাকায় এসজেডিএ-কে রাজ্য থেকেই এই বার্তা দেওয়া হয়েছে কি না সেই জল্পনাও রয়েছে।

দিলীপ এসজেডিএ'র চেয়ারম্যান হওয়ার পরেই মেয়র গৌতম দেবকে সংস্থার অফিসে ডেকে বৈঠক করেছিলেন। দু'দিন পরেই দিলীপ পুরনিগমে এসেও গৌতমের সঙ্গে বৈঠক করে যান। গত বৃহস্পতিবার মহকুমা পরিষদের সভাধিপতি এসজেডিএ অফিসে গিয়ে চেয়ারম্যানকে শুভেচ্ছা জানিয়ে বৈঠক করেছিলেন। মঙ্গলবার খোদ এসজেডিএ'র চেয়ারম্যান মহকুমা পরিষদে এসে বৈঠক করলেন। এর থেকেই স্পষ্ট যে, বিধানসভা ভোটের আগে এসজেডিএ পুরনিগম এবং মহকুমা পরিষদ এলাকার উন্নয়নকেই পাখির চোখ করছে।



এসজেডিএ'র বৈঠকে চেয়ারম্যান সহ অন্যরা। মঙ্গলবার। -সংবাদচিত্র

এদিনের বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী, ইকো ট্যুরিজম হাব গড়তে এসজেডিএ'র হাত ধরতে চলেছে শিলিগুড়ি মহকুমা পরিষদ। পর্যটন সেন্টার গড়তে ইতিমধ্যে মহকুমা পরিষদ কর্তৃপক্ষ নকশালবাড়ি ব্লকে দুটি জায়গা চিহ্নিত করেছে। সেখানে এসজেডিএ'র সহযোগিতায় মহকুমা পরিষদ কর্তৃপক্ষ পর্যটন পরিকাঠামো গড়ে তুলতে চাইছে। পর্যটন সেন্টার গড়ে তুলতে রাজ্য পর্যটন দপ্তরের সহযোগিতা নেওয়া হবে বলেও জানানো হয়েছে। পাশাপাশি বিধাননগরের আনারস উন্নয়ন কেন্দ্রটি চালুর বিষয়ে উদ্যোগ নেওয়া হচ্ছে।

ট্যুরিজম সেন্টার গড়তে নকশালবাড়ি ব্লকের মণিরাম গ্রাম পঞ্চায়েতের রকমজোত এলাকায় ইতিমধ্যে মহকুমা পরিষদ একটি জমির সীমানা নির্ধারণ করেছে। অন্যদিকে, পানিঘাটা যাওয়ার পথে গোর্খাল্যান্ড টেরিটোরিয়াল অ্যাডমিনিস্ট্রেশন (জিটিএ) এলাকার সীমানা সংলগ্ন একটি চা বাগানের ছয় বিঘা জমি চিহ্নিত করা হয়েছে। তরাই এলাকার দুটি জায়গা পর্যটকদের আকর্ষণের জায়গা হয়ে উঠতে পারে বলে জানানো হয়েছে। এদিনের বৈঠকের পর বিষয়টি নিয়ে শিলিগুড়ি মহকুমা পরিষদের সভাধিপতি অরুণ ঘোষ বলেন, 'পর্যটন সেন্টার করার বিষয়ে পানিঘাটার চা বাগানটির কাছে এনওসি চেয়ে আর্জি জানানো হয়েছে। মহকুমা পরিষদের তরফে পরিকাঠামো গড়া হলে, সেই কাজ নিজস্ব তহবিল থেকে করা হবে। যদি এসজেডিএ'র সহযোগিতায় পাবলিক প্রাইভেট পার্টনারশিপ (পিপিপি) মডেলে গড়ে তোলা হয়, সেই ক্ষেত্রে বড় আকারে পরিকল্পনা বাস্তবায়িত করা হবে।'

**চেয়ারম্যানের উদ্যোগ**

- মেয়র গৌতম দেব এবং মহকুমা পরিষদের সভাধিপতি অরুণ ঘোষকে পাশে নিয়েই পা ফেলতে চাইছেন এসজেডিএ'র চেয়ারম্যান
- দফায় দফায় মেয়র এবং মহকুমা পরিষদের সভাধিপতির সঙ্গে বৈঠক করছেন চেয়ারম্যান
- সামনে বিধানসভা ভোট থাকায় এসজেডিএ-কে রাজ্য থেকেই এই বার্তা দেওয়া হয়েছে কি না তা নিয়ে জল্পনা

এসজেডিএ'র চেয়ারম্যান দিলীপ দুগারের কথায়, 'ইকো ট্যুরিজম হাব গড়তে প্রয়োজনে কলকাতায় গিয়ে পর্যটনমন্ত্রীর সঙ্গে কথা বলব। আনারস উন্নয়ন কেন্দ্রটি চালুর বিষয়ে গত কিছুদিনে আমরা অনেকগুলি বৈঠক করেছি। বুধবার সভাধিপতি ও শিলিগুড়ির মেয়র গৌতম দেবকে সঙ্গে নিয়ে আনারস উন্নয়ন কেন্দ্রে যাব।' আনারস কেন্দ্রটি চালুর বিষয়ে বিকল্প রাস্তা সবচাইতে বড় অন্তরায় হয়ে দাঁড়িয়েছে। রাস্তা তৈরির জন্য সরকারি জায়গায় বসে থাকায় দখলদারদের সরানোর পাশাপাশি জমি অধিগ্রহণ করাও প্রয়োজন।

দিলীপের সংযোজন, 'স্থানীয়দের সঙ্গে কথা বলে, সমাধানসূত্র বের করা হবে। আনারস উন্নয়ন কেন্দ্রটি চালু হলে ওই এলাকার সামাজিক ও আর্থিক উন্নয়ন তরান্বিত হবে।' শিলিগুড়ি মহকুমা পরিষদ ও শিলিগুড়ি পুরনিগমের সঙ্গে এসজেডিএ মিলিতভাবে উন্নয়নের ইঙ্গিত দিয়েছে। মহকুমা পরিষদ এবং এসজেডিএ প্রত্যেক ১৫ দিন অন্তর বৈঠকে বসবে বলেও ঠিক হয়েছে। এদিনের বৈঠকে উপস্থিত ছিলেন মহকুমা পরিষদের সহকারী সভাধিপতি রোমা রেশমি এক্কা, এসজেডিএ'র কার্যনির্বাহী আধিকারিক অর্চনা ওয়াংখেড়ে সহ অন্যরা।



ধান রোপণে ব্যস্ত কৃষক। মঙ্গলবার ইসলামপুরে সুদীপ্ত ভৌমিকের তোলা ছবি।

## পাহাড়ে নানা সমস্যার সমাধানে অনীতকে চিঠি অজয়ের

# জিটিএ'র সভা ডাকার দাবি

**রণজিৎ ঘোষ**

**শিলিগুড়ি, ১৫ জুলাই :** গোর্খাল্যান্ড টেরিটোরিয়াল অ্যাডমিনিস্ট্রেশনে (জিটিএ) নিয়মিত সাধারণ সভা ডাকা হচ্ছে না। ফলে চা বাগানের শ্রমিকদের জমির পাট্টা, চা পর্যটন প্রকল্প সহ একাধিক ইস্যু নিয়ে আলোচনাও আটকে। মঙ্গলবার জিটিএ'র সদস্য তথা ইন্ডিয়ান গোর্খা জনশক্তি ফ্রন্টের আহ্বায়ক অজয় এডওয়ার্ড এই অভিযোগ তোলেন।

তাঁর বক্তব্য, 'প্রতি তিন মাস অন্তর জিটিএ'র সাধারণ সভা হওয়ার কথা। কিন্তু ২০২২ সালে বোর্ড গঠনের পর থেকে মাত্র তিনটি সাধারণ সভা ও একটি জরুরি সভা হয়েছে।' তাই দ্রুত সাধারণ সভা ডাকার আবেদন জানিয়ে অনীত থাপাকে মঙ্গলবার চিঠি দেন তিনি। সংস্থার মুখ্য জনসংযোগ আধিকারিক শক্তিপ্রসাদ শর্মার অবশ্য দাবি, 'তিন মাস অন্তর সাধারণ সভা করতে হবে, এমন কোনও নিয়ম নেই। জিটিএ'র বিভিন্ন দপ্তর আলাদাভাবে নিয়মিত বৈঠক করছে। অজয় এডওয়ার্ড শুধু খবরে আসতেই এসব বলেন।'

২০২২ সালের ১৫ জুলাই অনীত থাপা জিটিএ'র চিফ এগজিকিউটিভ হিসেবে দায়িত্ব নেন। অজয়ের কথায়, 'প্রতি তিন মাস অন্তর সাধারণ সভা হওয়ার কথা। কিন্তু ২০২৪ সালের অক্টোবরের পর জিটিএ-তে কোনও সাধারণ সভা হয়নি। ফলে পাহাড়ে প্রচুর সমস্যা থাকলেও সেসব নিয়ে আলোচনা করা সম্ভব হচ্ছে না।' তাঁর অভিযোগ, 'রাজ্য সরকার চা পর্যটন নীতি নিয়ে বাগানের ৩০ শতাংশ জমি মালিকপক্ষকে অন্য ব্যবসার জন্য দিচ্ছে। এব্যাপারে পাহাড়ে ক্ষোভ জমেছে। জিটিএ'র উচিত সভা ডেকে এ বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত নিয়ে রাজ্যকে জানানো। চা শ্রমিকদের জমির অধিকার পাইয়ে দিতে নির্দিষ্ট প্রস্তাব গ্রহণ করা প্রয়োজন। তিস্তায় ক্ষতিগ্রস্তদের পুনর্বাসন দেওয়া নিয়ে এখনও কোনওরকম সিদ্ধান্ত নেয়নি সংস্থাটি। এই সমস্ত গুরুত্বপূর্ণ আলোচনা জিটিএ'র সভাতেই হওয়ার কথা।'



প্রতি তিন মাস অন্তর সাধারণ সভা হওয়ার কথা। কিন্তু ২০২৪ সালের অক্টোবরের পর জিটিএ-তে কোনও সাধারণ সভা হয়নি। ফলে পাহাড়ে প্রচুর সমস্যা থাকলেও সেসব নিয়ে আলোচনা করা সম্ভব হচ্ছে না। অনীত থাপা নিয়মিত লালকুঠিতে আসেন না। তিনি বিভিন্ন এলাকায় ঘুরছেন আর ভিডিও বানাচ্ছেন।

**অজয় এডওয়ার্ড** *আহ্বায়ক, ইন্ডিয়ান গোর্খা জনশক্তি ফ্রন্ট*

মঙ্গলবার অজয় অনীতের উদ্দেশে কটাক্ষের সুরে বলেন, 'অনীত থাপা নিয়মিত লালকুঠিতে আসেন না। তিনি বিভিন্ন এলাকায় ঘুরছেন আর ভিডিও বানাচ্ছেন। অথচ বিভিন্ন প্রয়োজনে এসে তাঁকে মানুষ পাচ্ছেন না। ঘুরে যেতে হয় তাঁদের।'

সোমবার অনীত লালকুঠিতে একটি সভা করেন। তারপরই এদিন অনীতকে চিঠি দিয়ে অজয় জিটিএ'র সাধারণ সভা ডাকার আবেদন জানান। এদিকে, বিনয় তামাংয়ের অভিযোগ, 'জিটিএ নিয়মবহির্ভূত কাজকর্ম করছে। অনীত বিরোধীদের আক্রমণকে ভয় পেয়েই সাধারণ সভা ডাকা থেকে বিরত থাকছেন।'

## ধর্ষণের চেষ্টায় গ্রেপ্তার

**খড়িবাড়ি, ১৫ জুলাই :** মামাবাড়িতে এসে প্রতিবেশীর লালসার শিকার নাবালিকা। শোয়ার ঘরে খাটের নীচে লুকিয়ে থেকে নাবালিকাকে ধর্ষণের চেষ্টার অভিযোগে গ্রেপ্তার অভিযুক্ত তরুণ। ধৃত প্রতিবেশী তরুণের নাম বিকাশ বির্জা। পকসো আইনে মামলা রুজু করে মঙ্গলবার ধৃতকে শিলিগুড়ি মহকুমা আদালতে পাঠিয়েছে খড়িবাড়ি থানার পুলিশ।

খড়িবাড়ির একটি চা বাগান সংলগ্ন এলাকার এই ঘটনাকে কেন্দ্র করে চাঞ্চল্য ছড়িয়েছে। পরিবার সূত্রে জানা গিয়েছে, ওই নাবালিকা মামার বাড়িতে বেড়াতে এসেছিল। সোমবার রাত ১১টা নাগাদ সকলে খাওয়াদাওয়ার পর নাবালিকা পাশের ঘরে ঘুমোতে যায়। সুযোগ বুঝে ওই ঘরে খাটের নীচে লুকিয়ে ছিলেন অভিযুক্ত তরুণ। খাটে শোয়ার কিছুক্ষণ পর নাবালিকা বুঝতে পারে নীচে কিছু একটা আছে! খাট থেকে নামতেই তাকে ঘরে একা পেয়ে ধরে অভিযুক্ত ধর্ষণ করার চেষ্টা করেন বলে অভিযোগ। নাবালিকার চিৎকারে পরিবারের সদস্যরা ছুটে এলে অভিযুক্ত পালিয়ে যান। নির্যাতিতার পরিবার সোমবার খড়িবাড়ি থানায় লিখিত অভিযোগে দায়ের করে। তদন্তে নেমে সোমবার রাতেই অভিযুক্তকে গ্রেপ্তার করে পুলিশ। খড়িবাড়ি থানার ওসি অভিজিৎ বিশ্বাস বলেন, 'পরিবারের অভিযোগের ভিত্তিতে পকসো ধারায় মামলা রুজু করা হয়েছে। অভিযুক্তকে গ্রেপ্তার করা হয়েছে।' এদিন ধৃতকে আদালতে তোলা হলে বিচারক ১৪ দিনের জেল হেপাজতের নির্দেশ দিয়েছেন। নাবালিকার ডাক্তারি পরীক্ষা করা হয়েছে। তদন্ত শুরু করেছে পুলিশ।

## পুলিশ সেজে প্রতারণার চেষ্টা

**নকশালবাড়ি, ১৫ জুলাই :** ভুয়ো পুলিশ পরিচয় দিয়ে বিজেপি কর্মীকে অপহরণের চেষ্টা ও মোটা অঙ্কের টাকা দাবি। নকশালবাড়ি থানায় বিষয়টি নিয়ে অভিযোগ দায়ের করা সত্ত্বেও পুলিশ ঘটনার তদন্ত শুরু করছে না বলে অভিযোগ। অভিযোগকারী শ্যামল রায় জানান, তাঁকে অভিযোগপত্রের প্রমাণ দেওয়া হচ্ছে না। যদিও থানা সূত্রে জানা গিয়েছে, অভিযোগকারী নিজে কয়েকদিন আগে একটি ঘটনায় গ্রেপ্তার হয়েছেন এবং তাঁর অভিযোগপত্রের বয়ানে অসংগতি রয়েছে।

নকশালবাড়ি বাজারের ঘাটানি মোড়ে একটি সোনার দোকান রয়েছে শ্যামলের। তিনি বিজেপির নকশালবাড়ি মণ্ডলের প্রাক্তন সাধারণ সম্পাদক। প্রায় দেড় মাস আগে মন্দিরে চুরি হওয়া সোনা কেনার অভিযোগে শ্যামলকে গ্রেপ্তার করেছিল পুলিশ। দোষী সাব্যস্ত হওয়ায় তিনি কিছুদিন জেলও খেটেছেন।

মূল ঘটনার সূত্রপাত গত ৯ জুলাই। শ্যামলের অভিযোগ, সেদিন দুপুরে গাড়ি করে তিনজন পুরুষ ও দুজন মহিলা দোকানে ঢুকে তাঁর ওপর চড়াও হয়। তাঁদের মধ্যে মিলন থাপা নামে এক তরুণ নিজেকে শিলিগুড়ির প্রধাননগর থানার ওসি বলে পরিচয় দেন। ওই দলেরই এক মহিলা তাঁর কাছে ৬ ভরি সোনা দাবি করে। পরে খোঁজখবর নিয়ে শ্যামল জানতে পারেন, মিলন থাপা নামে কোনও ব্যক্তি প্রধাননগর থানায় কাজ করেন না। গত ১১ জুলাই নকশালবাড়ি থানায় অভিযুক্তদের নাম ও গাড়ির নম্বর দিয়ে অভিযোগ দায়ের করেন শ্যামল।

## ব্রাউন সুগার উদ্ধার, ধৃত ১

**নকশালবাড়ি, ১৫ জুলাই :** ব্রাউন সুগার পাচারের অভিযোগে মঙ্গলবার এক ব্যক্তিকে গ্রেপ্তার করে নকশালবাড়ি থানার পুলিশ। ধৃত অমর সিংহ খড়িবাড়ির গৌরসিংজোতের বাসিন্দা। নকশালবাড়ি ২ নম্বর এশিয়ান হাইওয়ের একটি পেট্রোল পাম্প থেকে তাঁকে পুলিশ গ্রেপ্তার করে। অমরের কাছ থেকে ১০২ গ্রাম ব্রাউন সুগার বাজেয়াপ্ত হয়েছে।

## ডেঙ্গি প্রতিরোধ

**জলপাইগুড়ি, ১৫ জুলাই :** ডেঙ্গি প্রতিরোধের জন্য গাপ্পি মাছ ছাড়া হল নিকাশিনালায়। মঙ্গলবার পঞ্চায়েতের উদ্যোগে সেই কাজ হয়েছে খড়িয়া গ্রাম পঞ্চায়েতের সানুপাড়ায়। এলাকার ৫০ জনের হাতে বিভিন্ন গাছের চারা তুলে দেওয়া হয়। পঞ্চায়েত সদস্য গণেশ ঘোষ বলেন, 'গাপ্পি মাছ ছাড়ার পাশাপাশি পরিবেশের কথা মাথায় রেখে গাছের চারা বিতরণ করা হল। গাছগুলো যারা পরিচর্যা করবে, এক বছর পর তাদের একটি সংস্থার তরফ থেকে পুরস্কৃত করা হবে।'

## মিলল মেয়াদ উত্তীর্ণ ওষুধ, শিশুখাদ্য

# ওষুধের দোকানে হানা প্রশাসনের

**সৌরভ দেব**

**জলপাইগুড়ি, ১৫ জুলাই :** ড্রাগ লাইসেন্স নেই। দোকান ভর্তি মেয়াদ উত্তীর্ণ ওষুধ। অভিযোগ পেয়ে মঙ্গলবার সংশ্লিষ্ট ওষুধের দোকানে অভিযান চালালেন বিডিও (সদর)। উদ্ধার হল বিপুল পরিমাণে মেয়াদ উত্তীর্ণ ওষুধ এবং শিশুখাদ্য। খবরে পেয়ে ঘটনাস্থলে যান ড্রাগ কন্ট্রোল আধিকারিকরাও। জলপাইগুড়ি সদর ব্লকের গড়ালবাড়ি গ্রাম পঞ্চায়েতের শোভারহাট এলাকায় ওই ঘটনায় এলাকায় উত্তেজনা ছড়িয়েছে।

সংশ্লিষ্ট ওষুধ ব্যবসায়ী রণজিৎ হালদার নিজেকে গ্রামীণ চিকিৎসক বলে দাবি করছেন। প্রশ্ন উঠেছে, গ্রামীণ চিকিৎসক হয়ে তিনি কীভাবে ওষুধের দোকান খুলছেন। নিয়মে রয়েছে গ্রামীণ চিকিৎসকরা কারও প্রাথমিক চিকিৎসা করতে পারেন। কিন্তু কোনও অবস্থাতেই ওষুধ মজুত রেখে ব্যবসা করতে পারেন না। রণজিতের বিরুদ্ধে এর আগেও এলাকায় কাশির সিরাপ বিক্রি থেকে শুরু করে ভুল ইনজেকশন এবং শিশুকে মেয়াদ উত্তীর্ণ ওষুধ দেওয়ার অভিযোগ রয়েছে। রণজিৎ বলেন, 'আমি একজন গ্রামীণ চিকিৎসক। যে কারণে কিছু ওষুধ আমরা রাখতেই পারি। মেয়াদ উত্তীর্ণ ওষুধ আমি কাউকে দিইনি।'

সদর বিডিও মিহির কর্মকার বলেন, 'আমার কাছে অভিযোগ আসে শোভারহাটের এই দোকান থেকে মেয়াদ উত্তীর্ণ ওষুধ বিক্রি হচ্ছে। এসে আমি নিজেও দেখলাম দোকানের প্রচুর ওষুধ এবং শিশুখাদ্যের মেয়াদ পেরিয়ে যাওয়ার পরেও মজুত করা রয়েছে। ওষুধের দোকান হলেও কোনও ড্রাগ লাইসেন্স নেই। আমি বিষয়টি সংশ্লিষ্ট দপ্তরকে জানিয়েছি। দোকানটিকে বন্ধ করে দেওয়া হয়েছে।'

ড্রাগ কন্ট্রোল ইনস্পেক্টর জয়ন্ত মণ্ডল বলেন, 'আমরা ওই দোকান থেকে বেশ ভালো পরিমাণে মেয়াদ উত্তীর্ণ এবং নমুনা ওষুধ (যেটা বিক্রির জন্য নয়) বাজেয়াপ্ত করেছি। ওই ব্যবসায়ীর বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হচ্ছে। কোনও গ্রামীণ চিকিৎসক এত পরিমাণ ওষুধ দোকানে মজুত রাখতে পারেন না।'

বছরখানেক আগে এলাকার বাসিন্দা রত্না রায় তাঁর সন্তানের জ্বরের ওষুধ কিনেছিলেন রণজিতের দোকান থেকে। সন্তানকে ওষুধ খাওয়ানোর আগে তাঁর নজরে আসে সেটির মেয়াদ উত্তীর্ণ। তিনি সেই ওষুধ নিয়ে রণজিতের কাছে আসেন অভিযোগ জানাতে। সেই সময় রণজিৎ ঘটনাটি ধামাচাপা দেওয়ার চেষ্টা করলেও শেষরক্ষা হয়নি। মেয়াদ উত্তীর্ণ ওষুধ বিক্রির ঘটনার সংবাদমাধ্যমে এলেও তাঁর বিরুদ্ধে প্রশাসনিক স্তরে কোনও আইনি পদক্ষেপ করা হয়নি বলে অভিযোগ।



আমি নিজেও দেখলাম দোকানের প্রচুর ওষুধ এবং শিশুখাদ্যের মেয়াদ পেরিয়ে যাওয়ার পরেও মজুত করা রয়েছে। ওষুধের দোকান হলেও কোনও ড্রাগ লাইসেন্স নেই। আমি বিষয়টি সংশ্লিষ্ট দপ্তরকে জানিয়েছি। দোকানটিকে বন্ধ করে দেওয়া হয়েছে।

**মিহির কর্মকার,** *বিডিও*

ফের একই ঘটনার পুনরাবৃত্তি হয়েছে রণজিতের দোকানে। মেয়াদ উত্তীর্ণ ওষুধের অভিযোগ পেয়ে এদিন বিডিও মিহির কর্মকার নিজে রণজিতের দোকানে অভিযান চালান। এদিন ওষুধ হাতে নিয়ে বিডিওকে বলতে শোনা গেল 'কী ওষুধ খাওয়াচ্ছেন মানুষকে? অধিকাংশ ওষুধই তো মেয়াদ উত্তীর্ণ।' তখন দোকানের ভেতরেই এলাকার বাসিন্দাদের ভিড়। বিডিওর মুখে ওই কথা শুনে ভিড়ের মাঝখান থেকে একজন বলে ওঠেন, এই তো ওর দোকানের ওষুধ খেয়ে বেঁচে আছি, এটাই আমাদের ভাগ্য। স্থানীয় বাসিন্দা ওসমান আলি বলেন, 'আমরা গ্রামের মানুষ। লেখাপড়া বিশেষ জানি না। বিশ্বাস করে ওষুধ কিনে নিয়ে যেতাম। আজ জানতে পারলাম রণজিৎ হালদার পুরোনো মেয়াদ উত্তীর্ণ ওষুধ বিক্রি করতেন।'

## ১৫ হাজার চারাগাছ, ঘাস রোপণ

**শিলিগুড়ি, ১৫ জুলাই :** তৃণভোজী প্রাণীদের খাবার জোগান দিতে পদ্মজা নাইডু হিমালয়ান জুলজিক্যাল পার্কের তরফে ১৫ হাজার চারা এবং ঘাস লাগানো হল। দার্জিলিং চিড়িয়াখানা এবং চিড়িয়াখানার অধীনে থাকা দুই প্রজননকেন্দ্রের তৃণভোজীদের যাতে ভবিষ্যৎ খাবারের কোনও সংকট না হয়, সেজন্য বনমহোৎসবে এই উদ্যোগ নেওয়া হয়েছে। সোম এবং মঙ্গলবার, দুইদিন এই কর্মসূচি পালিত হয়। দার্জিলিং চিড়িয়াখানার পাশাপাশি তোপকেদাড়া প্রজননকেন্দ্র এবং ডাউহিলের প্রজননকেন্দ্রে বিভিন্ন চারাগাছ ও ঘাস লাগানো হয়েছে। দার্জিলিং চিড়িয়াখানার অধিকর্তা বাসবরাজ হোলাইচি বলেন, 'তৃণভোজীরা যাতে খেতে পারে এমন চারাগাছ লাগানো হয়েছে।'

# ব্যাহত জলের জোগান

**চোপড়া, ১৫ জুলাই :** বাড়িতে ট্যাপকল রয়েছে, কিন্তু জল নেই। বছরের পর বছর পিএইচই'র পানীয় জল পরিষেবা থেকে বঞ্চিত থাকায় ক্ষুব্ধ চোপড়া ব্লকে দাসপাড়া ও ঘিরনিগাঁও সহ একাধিক গ্রাম পঞ্চায়েত এলাকার বাসিন্দারা। অভিযোগ, সরকারি পানীয় জলের প্রকল্প থাকা সত্ত্বেও পরিষেবা থেকে বঞ্চিত হতে হচ্ছে। চোপড়া গ্রাম পঞ্চায়েতের প্রধান জিয়ারুল রহমানের মন্তব্য, 'এই একই অভিযোগ শুনে শুনে কান ঝালাপালা হয়ে যাচ্ছে।'

দাসপাড়া গ্রাম পঞ্চায়েতের জিভাকাটা মৌজার শেখবস্তি এলাকায় প্রায় পঁচিশ বছর আগে জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের জলপ্রকল্প গড়ে উঠেছিল। বছরখানেক আগে চোপড়া ব্লকে ২৩টি নতুন প্রকল্পের কাজ শুরু হলেও অধিকাংশ এলাকায় কাজ মাঝপথে থমকে রয়েছে বলে অভিযোগ। কয়েক বছর ধরে অধিকাংশ এলাকায় পরিষেবা পাওয়া যাচ্ছে না। হাপতিয়াগছ গ্রাম পঞ্চায়েতের হাপতিয়াগছ ও ঝরাগছ ছাড়া বাকি বিস্তীর্ণ এলাকায় পরিষেবা অমিল বলে অভিযোগ।



জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের ইসলামপুরের অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার বিবেকানন্দ মণ্ডল বলেন, 'ফান্ডের সমস্যার কারণে কিছু জায়গায় ধীরগতিতে কাজ চলছে। আগে থেকে কিছু জায়গায় মেরামতির কাজ চালু হয়েছে। অনেক জায়গায় পরিষেবা মিলছে।'

কিন্তু শুরু থেকেই সেখানে সমস্যা লেগেই রয়েছে বলে স্থানীয়দের অভিযোগ। এলাকাবাসী জানাচ্ছেন, একসময় শেখবস্তি, কুলাগাঁও ও দাসপাড়া বাজারের অনেক জায়গায় পাইপলাইন সংস্কার করা হয়েছে, বাড়িতে ট্যাপকলও রয়েছে। কিন্তু জলের দেখা নেই।

দাসপাড়ার উপপ্রধান জিল্লুর রহমান বলেন, 'চাহিদা অনুযায়ী পানীয় জলের পরিষেবা মিলছে না, এটা অস্বীকার করার উপায় নেই। দুই জায়গায় কাজ চালু হলেও কিছুদিন ধরে বন্ধ রয়েছে।'

ঘিরনিগাঁও আসারুবস্তিতে বেশ কয়েক বছর আগে পিএইচই'র জলাধার বসানো হয়। ওই গ্রামের বাসিন্দা মেহবুব আলম বলেন, 'সপ্তাহে একদিন জল ছাড়া হলেও ওই জল পানের অযোগ্য। কালাগছ বাজার এলাকা সহ বিস্তীর্ণ এলাকায় পাইপ বসানো হলেও পরিষেবা অমিল। চোপড়া, কুমারটোল সহ একাধিক জায়গায় নতুন প্রকল্পের কাজ বন্ধ রয়েছে।'

## নীলগাই উদ্ধার

**চোপড়া, ১৫ জুলাই :** চোপড়া গ্রাম পঞ্চায়েতের কুমারটোল এলাকা থেকে একটি নীলগাই উদ্ধার করা হয়েছে। মঙ্গলবার দুপুরে নীলগাইটিকে স্থানীয়রা বাজারগছ এলাকায় লোকালয়ে ঘোরাঘুরি করতে দেখেন। এরপর চা বাগান এলাকা থেকে সেটিকে ধরে পুলিশকে খবর দেওয়া হয়। পরে বন দপ্তরের চোপড়া রেঞ্জের কর্মীরা গিয়ে নীলগাইটি উদ্ধার করেন।

# শিক্ষক নেতার বাড়িতে ২১ ঘণ্টা আয়কর তল্লাশি

**বাবাই দাস**

**তুফানগঞ্জ, ১৫ জুলাই :** মঙ্গলবার তুফানগঞ্জ শহরের ১ নম্বর ওয়ার্ডের মাস্টারপাড়া এলাকায় স্থানীয় শিক্ষক জয়দেব আর্যের বাড়িতে হানা দিল আয়কর দপ্তর। এই ঘটনায় এলাকায় তো বটেই, গোটা জেলার রাজনৈতিক মহলে হইচই পড়েছে। আয়কর দপ্তরের ৫ সদস্যের একটি দল টানা ২১ ঘণ্টা ধরে ওই বাড়িতে তল্লাশি চালান। যদিও প্রাথমিক বিদ্যালয়ের ওই শিক্ষকের বক্তব্য, 'বছর দুয়েক আগে মোবাইলে একটি মেসেজ আসে। কিন্তু বিষয়টিতে পাত্তা দিইনি। এরপর সোমবার আয়কর দপ্তরের আধিকারিকরা বাড়িতে এলে বুঝতে পারি মেল হ্যাক করে মোটা অঙ্কের টাকা অ্যাকাউন্টে লেনদেন হয়েছে। সেইজন্যই আয়কর দপ্তরের নজরে পড়েছি।' রাতভর চেষ্টা চালিয়ে হ্যাকারদের হদিস পাওয়া গিয়েছে বলে দাবি করেছেন জয়দেব। হ্যাকিং-এর বিষয়ে থানায় অভিযোগ করেছেন কি না জানতে চাওয়া হলে, সংবাদমাধ্যমের কাছে মুখ খোলা বারণ রয়েছে বলে আর কিছু জানাতে চাননি তিনি।

তৃণমূলের জেলা চেয়ারম্যান গিরীন্দ্রনাথ বর্মন বলেন, 'এটা প্রশাসনিক বিষয়। তারা তাদের কাজ করেছে। এখানে রাজনীতির কোনও বিষয় নেই। তাই এ বিষয়ে আলাদা করে কোনও মন্তব্য করব না।'

এলাকায় যথেষ্ট প্রভাবশালী বলেই পরিচিত জয়দেব। ঘটনার পরই ওই বাড়ির সামনে এলাকার লোকজন ভিড় করেন। একসময় তিনি তুফানগঞ্জ ২ নম্বর চক্রের তৃণমূলের প্রাথমিক শিক্ষক সেলের সভাপতির দায়িত্বও সামলেছেন। জয়দেবের ঘনিষ্ঠ সূত্রেই জানা গিয়েছে, কোচবিহার সহ একাধিক জায়গায় সম্পত্তি রয়েছে তাঁর। বর্তমানে তিনি তুফানগঞ্জ শহরের ১০ নম্বর ওয়ার্ডের টাউন প্রাইমারি স্কুলে কর্মরত। আচমকাই তাঁর আঙুল ফুলে কলা গাছ হয়েছে বলে কটাক্ষ করেছে বিরোধী দলের শিক্ষক সংগঠনগুলি।

জয়দেবের মা কয়েকদিন আগে মারা গিয়েছেন। সেই সূত্রেই তুফানগঞ্জ-২ ব্লকের নয়ারহাট এলাকার তিনি তাঁর গ্রামের বাড়িতে ছিলেন। আয়কর দপ্তরের আধিকারিকরা সোমবার প্রথমে জয়দেবের দাদা জগদীশ আর্যর বাড়ি যান। সেখান থেকে জয়দেবকে নিয়ে আসেন মাস্টারপাড়া এলাকার ওই বাড়িতে। সেখানেই চলে প্রায় ২১ ঘণ্টার ম্যারাথন তল্লাশি। এরপর মঙ্গলবার সকাল সাড়ে দশটা নাগাদ বেশকিছু ফাইলপত্র নিয়ে বেরিয়ে যান আধিকারিকরা। তবে কী কারণে এই অভিযান, আধিকারিকদের প্রশ্ন করা হলে তাঁরা কোনও জবাব দেননি।



শিক্ষক নেতার বাড়ি থেকে বেরিয়ে আসছেন আয়কর দপ্তরের আধিকারিকরা।

নিখিলবঙ্গ প্রাথমিক শিক্ষক সমিতির তুফানগঞ্জ জোনাল শাখার সম্পাদক কনজ বর্মা বলেন, 'তিনি যে শুধু তৃণমূলের শিক্ষক সমিতির দায়িত্বে ছিলেন, এমনটা নয়। তাঁর প্রভাব বলে কোঅপারেটিভ সোসাইটির সম্পাদকের দায়িত্ব সামলেছেন। সেক্ষেত্রে শিক্ষকদের লোন পাইয়ে দেওয়ার বিষয়ে কাকে, কীভাবে সহায়তা করেছেন, তা নিয়ে প্রশ্ন থেকে যাচ্ছে। আয়কর দপ্তরের আধিকারিকরা পুঙ্খানুপুঙ্খভাবে দেখে থাকলে খুব শীঘ্রই স্পষ্ট হবে।'

**তুফানগঞ্জে চাঞ্চল্য**

- ১ নম্বর ওয়ার্ডের মাস্টারপাড়া এলাকায় শিক্ষক জয়দেব আর্যের বাড়িতে আয়কর দপ্তরের হানা
- টানা ২১ ঘণ্টা ধরে ওই বাড়িতে তল্লাশি চালানো হয়
- মেল হ্যাক করে মোটা অঙ্কের টাকা অ্যাকাউন্টে লেনদেন হয়েছে বলে শিক্ষক নেতার দাবি
- এবিষয়ে মন্তব্য করতে চায়নি তৃণমূল কংগ্রেস

বিজেপির শহর মণ্ডল সভাপতি বিপ্লব চক্রবর্তী বলেন, 'তৃণমূলের নেতার বাড়িতে আয়কর হানা এটাই প্রমাণ করে যে তিনি দুর্নীতিগ্রস্ত। ১৫-২০ লাখে যে চাকরিগুলো বিক্রি হয়েছে এক্ষেত্রেও তৃণমূল নেতা ও তাঁদের শিক্ষক সেলের সম্পর্ক থাকার স্পষ্ট ইঙ্গিত পাওয়া যাচ্ছে।'

স্থানীয় ১ নম্বর ওয়ার্ডের কাউন্সিলার গৌতম সরকার বলেন, 'আয়কর দপ্তরের আধিকারিকদের আসার কথা শুনে আমি ঘটনাস্থলে গিয়েছিলাম। তবে ঠিক কী কারণে এই হানা সে সম্পর্কে এখনও পর্যন্ত জানা সম্ভব হয়নি।'

**Opportunity** for **Admission** to **B.Tech & B.Pharm** Degree Courses through **Common Entrance Examination**

**CEE-AMPAI-WB-2025**

**Under the supervision Dept. of Higher Education, Technical Branch, Govt. of West Bengal**

Vide Order No. No:- 172-Edn(T)/ HED - 16016(11)/1/2021- JD(DTED)-DTED issued by Department of Higher Education, Technical Branch, Govt. of WB.

**EXAMINATION DATE 27TH JULY 2025**

Accreditations, Affiliations & Approvals

UGC | NIRF | AICTE | PCI | NAAC | NBA | MAKAUT (Formerly, WBUT)

LAST DATE OF ONLINE APPLICATION **22ND JULY 2025**

**TEST FEE ₹ 200/-** TO BE PAID ONLINE

| INSTITUTES UNDER AMPAI | COURSES OFFERED* |
|---|---|
| JIS COLLEGE OF ENGINEERING 86977 43363 \| www.jiscollege.ac.in | B.TECH |
| NARULA INSTITUTE OF TECHNOLOGY 89024 96651 I www.nit.ac.in | B.TECH |
| GURU NANAK INSTITUTE OF TECHNOLOGY 90733 22523 I www.gnit.ac.in | B.TECH |
| DR. SUDHIR CHANDRA SUR INSTITUTE OF TECHNOLOGY & SPORTS COMPLEX 62919 77707/08 I www.surtech.edu.in | B.TECH |
| GURU NANAK INSTITUTE OF PHARMACEUTICAL SCIENCE & TECHNOLOGY 94330 35582 \| www.gnipst.ac.in | B.PHARM |

*For courses & intake available in specific institutes, visit www.ampai.in

**EXAMINATION CENTRES**

WEST BENGAL I BIHAR I JHARKHAND I ASSAM I TRIPURA

**HELPLINE**

81007 49670 I 81001 92411

All information related to **CEE-AMPAI-2025-WB** & **CEE-AMPAI-MASTERS-2025-WB** is avaliable on **www.ampai.in** along with Application Form, Eligibility Criteria, Information Brochure & Examination Schedule.

SCAN HERE

**AMPAI Office Address**

7 Sarat Bose Road, Kolkata - 700 020

Landline: 033-2289 3944 / 5323 I Email: info.ampai.wb@gmail.com



*খানাখন্দ পেরিয়ে যাতায়াত বাসিন্দাদের। দেবীডাঙ্গায়।*

## চেনা পথের বাঁক, তাও চাকা ঘুরতে থাক...

### 'উন্নয়ন'-এর গর্তে স্কুটার নিয়ে ধপাস

**পারমিতা রায়**

**শিলিগুড়ি, ১৫ জুলাই :** বাইক নিয়ে রীতিমতো কেরামতি দেখাতে হয় ওই পথে চলতে গিয়ে। ফুড ডেলিভারি সংস্থার এক কর্মী সেদিন গর্ত থেকে বাঁচতে গিয়ে একটু হলেই নিয়ন্ত্রণ হারাতে বসেছিলেন। পিচের চাদর উঠে খানাখন্দ তৈরি হয়েছে সড়কজুড়ে। সেখানে বৃষ্টির জল জমে। গাড়ির গতি খানিকটা জোরে হলেই জল ছিটকে আসছে পথচারীর গায়ে। দিনের পর দিন এলাকার এমন শোচনীয় পরিস্থিতি থাকা সত্ত্বেও প্রশাসনের হেলদোল নেই। নাগরিকদেরও যেন গা-সওয়া হয়ে গিয়েছে রোজকার দুর্ভোগ। ছবিটা শিলিগুড়ির চম্পাসারি সংলগ্ন দেবীডাঙ্গা থেকে চম্পাসারির রুটের।

বিরক্তি প্রকাশ পায় গাড়ি নিয়ে যাতায়াতকারী অন্য এলাকার বাসিন্দাদের কথায়। স্থানীয় বিবেক সরকার ভুক্তভোগীদের একজন। তিনি বললেন, 'কালকেই স্কুটার নিয়ে পড়ে গেলাম। পায়ে চোট পেলাম, তার ওপর স্কুটার মেরামতি করাতে গচ্চা গেল।' অভিযোগ, একাধিকবার সংস্কারের আশ্বাস মিললেও কাজ হয়নি। চম্পাসারি গ্রাম পঞ্চায়েতের প্রধান জনক সাহা খুব একটা আশার কথা শোনাতে পারলেন না। শুধু বললেন, 'রাস্তাটি পূর্ত দপ্তরের অধীনস্থ। তাই পূর্ত দপ্তরের সঙ্গে যোগাযোগ করে দ্রুত মেরামত করা হবে।'

আশ্বাসে মন গলে না স্থানীয়দের। অনুরাগ কর্মকারের কথায়, 'আমরা সত্যিই হাঁফিয়ে গিয়েছি বলতে বলতে। অনেকবার অনেক জায়গায় অভিযোগ জানিয়েছি। তবে লাভ হয়নি। কবে সমস্যা মিটবে বা আদৌ মিটবে কি না, জানা নেই।'

কিছুদিন আগে গর্তে চাকা আটকে উলটে গিয়েছিল একটি টোটো। সেখান থেকে পড়ে চোট পান বছর পঞ্চাশের রঞ্জন রায়। সেই কথা বলতে গিয়ে ক্ষোভ উগরে দিলেন তিনি, 'গোটা রাস্তার খারাপ অবস্থা। কোমরে আর হাঁটুতে আঘাত পেয়েছি। এখন হাঁটতে অসুবিধা হয়। বৃষ্টিতে তো বোঝাই যায় না, কোথায় ভাঙা বা কোথায় ঠিক।' বাকি এলাকাবাসীর সুরে সুর মিলিয়ে সুরজ পাল দাবি তুললেন, 'আমরা চাই, প্রশাসন এবার অন্তত মুখ তুলে তাকাক আমাদের দিকে।'

# নতুন রাস্তার আশ্বাস এসজেডিএ'র

**সাগর বাগচী**

**শিলিগুড়ি, ১৫ জুলাই :** দুর্ভোগের জেরে জুন মাসে মাটিগাড়া-২ গ্রাম পঞ্চায়েতের পতিরামজোতে রাস্তা অবরোধ করে স্থানীয়রা ঘণ্টার পর ঘণ্টা বিক্ষোভ দেখিয়েছিলেন। চতুর্থ মহানন্দা সেতু হয়ে শিলিগুড়ি ও মাটিগাড়ার মধ্যে যাতায়াতে পতিরামের এই রাস্তাটি অন্যতম ভরসা। কিন্তু খানাখন্দে ভরা সেই রাস্তাটি চলতি বর্ষায় ছোটখাটো পুকুরের রূপ নিয়েছে। এই পরিস্থিতিতে শিলিগুড়ি-জলপাইগুড়ি উন্নয়ন কর্তৃপক্ষ (এসজেডিএ) সেই রাস্তাটি নতুন করে তৈরি করার আশ্বাস দিল। সে তো প্রশাসনের তরফে বারবার আশ্বাস মেলে। কিন্তু বাস্তবায়িত হয় না বেশিরভাগই। তাই এবারেও এসজেডিএ'র আশ্বাস পূরণ হবে কি না, সেটা সময়ই বলবে।

মঙ্গলবার শিলিগুড়ি মহকুমা পরিষদের সঙ্গে এসজেডিএ'র কর্মকর্তারা বৈঠক করেন। সেখানে পতিরামজোতের রাস্তাটি তৈরি করে দেওয়ার বিষয়ে মহকুমা পরিষদ কর্তৃপক্ষ এসজেডিএ'র কাছে প্রস্তাব রাখে। কারণ এসজেডিএ'র তরফে চতুর্থ মহানন্দা সেতু এবং সংযোগকারী রাস্তাটি তৈরি করে দেওয়া হয়েছিল। এসজেডিএ'র চেয়ারম্যান দিলীপ দুগ্গার বলেন, 'পতিরামজোতের রাস্তাটি খুবই গুরুত্বপূর্ণ। বুধবার শিলিগুড়ি পুরনিগমের মেয়র গৌতম দেব এবং মহকুমা পরিষদের সভাধিপতি অরুণ ঘোষকে নিয়ে রাস্তাটি দেখতে যাব। রাস্তার পাশাপাশি দ্রুত সেখানে জলনিকাশি ব্যবস্থা গড়ে তোলা হবে। যাতে রাস্তার ওপর জল দাঁড়াতে না পারে।'

ঝংকার মোড় হয়ে চতুর্থ মহানন্দা সেতু পার হওয়ার পর থেকে মাটিগাড়ার শুঁটকিহাটি পর্যন্ত রাস্তাটির বেহাল অবস্থা। অভিযোগ, এক বছর আগে রাস্তাটি পথশ্রী প্রকল্পের আওতায় সংস্কার করা হয়েছিল। পিচের প্রলেপ উঠে রাস্তার কঙ্কালসার অবস্থা তৈরি হয়েছে। এক পশলা বৃষ্টি হতে না হতেই রাস্তা পুকুরে পরিণত হয়ে যায়। আর সেই বেহাল রাস্তার জন্য প্রায়ই দুর্ঘটনা ঘটছে। তবে রাস্তাটি নতুন করে তৈরির খবর পেয়ে খুশির হাওয়া পতিরামজোতে। পতিরামের টোটোচালক সুভাষ পোদ্দারের কথায়, 'এই রাস্তা দিয়ে বাস, লরি চলাচল করে। সেজন্য রাস্তার মধ্যে আরও বড় গর্ত তৈরি হয়েছে।

**বিপদের হাতছানি**

- ঝংকার মোড় হয়ে চতুর্থ মহানন্দা সেতু পেরিয়ে মাটিগাড়ার শুঁটকিহাটি পর্যন্ত রাস্তার অবস্থা শোচনীয়
- ভারী গাড়ি যাতায়াতে রাস্তাটিতে তৈরি হয়েছে একাধিক গর্ত
- বৃষ্টি হলেই সেই গর্তে জল জমে ছোট পুকুরের রূপ নিচ্ছে

একপ্রকার প্রাণ হাতে করে চলাচল করতে হয়। নিয়ন্ত্রণ হারালেই দুর্ঘটনা ঘটে যাওয়ার আশঙ্কা থাকে।' রাস্তাটি তৈরি হলে দুর্ভোগ অনেকটাই কমবে বলে আশাবাদী আরেক টোটোচালক বলরাম দত্ত।

এই রাস্তাটির কথা তুলে বিধানসভায় সরব হয়েছিলেন মাটিগাড়া-নকশালবাড়ির বিধায়ক আনন্দময় বর্মন। শিলিগুড়ি মহকুমা পরিষদের সভাধিপতি অরুণ ঘোষের আশ্বাস, পতিরামজোতের পাশাপাশি মাটিগাড়ার আরেকটি রাস্তা তৈরির বিষয়ে এসজেডিএকে প্রস্তাব দেওয়া হয়েছে। সেই রাস্তাটিও দ্রুত তৈরি করে দেওয়া হবে।



*পতিরামজোতে রাস্তায় এভাবেই জমে থাকে জল। -ফাইল চিত্র*

### রাজনৈতিক তর্জা

**গোয়ালপোখর, ১৫ জুলাই :** প্রদেশ কংগ্রেসের সাধারণ সম্পাদক আলি ইমরান রমজের বিরুদ্ধে মন্ত্রী গোলাম রব্বানির করা মন্তব্যে উত্তপ্ত রাজ্য রাজনীতি। মঙ্গলবার প্রদেশ কংগ্রেসের প্রাক্তন সভাপতি অধীররঞ্জন চৌধুরী এই ঘটনার তীব্র নিন্দা করেন। তিনি বলেন, 'গোলাম রব্বানি একসময় কংগ্রেসের বিধায়ক ছিলেন কিন্তু তিনি দালালি করে তৃণমূলে গিয়েছেন। পশ্চিমবঙ্গ কারও পৈতৃক সম্পত্তি নয়, যে ইচ্ছে হলেই কাউকে ধাক্কা দিয়ে বের করা যাবে। রব্বানিকে অবিলম্বে ভিক্টরের কাছে ক্ষমা চাইতে হবে।'

রবিবার একটি সভায় ভিক্টরের বিরুদ্ধে গত লোকসভা নির্বাচনে বিজেপিকে সুবিধা পাইয়ে দেওয়ার অভিযোগ করেছিলেন রব্বানি। তিনি বলেন 'চাকুলিয়া, গোয়ালপোখর ও করণদিঘিতে ভিক্টরকে যেখানে পাবেন, ধাক্কা দিয়ে বের করে দেবেন।' এই মন্তব্যের প্রতিবাদে সোমবার কংগ্রেস কর্মীরা বিক্ষোভ দেখান এবং থানা ঘেরাও করেন।

রব্বানির এই মন্তব্যে এলাকাজুড়ে অশান্তির সৃষ্টি হয়েছে। কংগ্রেস কর্মীরা মঙ্গলবারও এলাকায় মিছিল করেন এবং বিক্ষোভ দেখান। তাঁদের দাবি অবিলম্বে রব্বানিকে ক্ষমা চাইতে হবে। ক্ষমা না চাওয়া অবধি প্রতিবাদ থামবে না বলে তাঁরা জানিয়েছেন। কংগ্রেসের তরফে দাবি করা হয় সাধারণ মানুষ ভিক্টরের পাশে আছেন। দাবি উড়িয়ে তৃণমূল নেতা আনোয়ার আলম বলেন, 'ভিক্টরের পায়ের তলায় মাটি নেই। শুধু ষড়যন্ত্র করার চেষ্টা করেন।'

## বিপদের আশঙ্কা সত্ত্বেও নির্বিকার প্রশাসন ও তরুণ প্রজন্ম

# ঝুঁকি নিয়ে রিভার রেস্তোরাঁ

**অনুপ সাহা**

**ওদলাবাড়ি, ১৫ জুলাই :** উদ্দাম গতিতে বাইক চালিয়ে লুপ পুল ঘুরে, জাতীয় সড়কের পাশে ধাবায় খানাপিনা সেরে বাড়ি ফিরে আসা। ইয়ং জেনারেশনের এই ডে-আউটে এখন নতুন সংযোজন রিভার রেস্তোরাঁ। নদীর বুকে চেয়ার টেবিল পেতে, জলে পা ভিজিয়ে খাবারের স্বাদ নিতে গত কয়েকদিন ধরেই ভিড় উপচে পড়ছে ডুয়ার্সের ওদলাবাড়ির এই রেস্তোরাঁয়। অথচ, রেস্তোরাঁয় এসে নদীর জলে পা ভিজিয়ে খাবারের স্বাদ নেওয়া ছেলেমেয়েরা বা রেস্তোরাঁ কর্তৃপক্ষ কেউই এতটুকু ভাবেননি কী মারাত্মক বিপদের ঝুঁকি নিচ্ছেন তাঁরা।

জাতীয় সড়কের ঘিস সড়ক সেতু সংলগ্ন ওই হোটেল কর্তৃপক্ষ অবশ্য নির্বিকার বিষয়টি নিয়ে। তবে ভিডিও ভাইরাল হওয়ার পর (উত্তরবঙ্গ সংবাদ ভিডিওর সত্যতা যাচাই করেনি) অবশ্য বিপজ্জনক এই প্রবণতা বন্ধ করতে তৎপর



*ঘিস নদীতে টেবিল-চেয়ার পেতে খানাপিনার ব্যবস্থা।*

হয়েছে পুলিশ ও সেচ দপ্তর।

ঘটনার সত্যতা যাচাই করতে মঙ্গলবার সকালে ঘিস নদীর ধারে ওই হোটেলে পৌঁছে জানা গিয়েছে, সোমবার রাতে কালিম্পং পাহাড় ও সমতলে ভারী বৃষ্টির পর এদিন সকাল থেকে নদীর জল অনেকটাই বেড়ে গিয়েছে। যে কারণে এদিন আর নদীর বুকে রেস্তোরাঁ বসানো হয়নি। তবে মালিক আজম প্রধান বেশ গর্বের সঙ্গেই বলেন, 'নদীতে জল কম থাকার দরুন হঠাৎ করেই হাঁটুজলে পা ডুবিয়ে রেস্তোরাঁ চালু করার ভাবনা এসেছিল। খরিদ্দারদেরও বেশ পছন্দ হয়েছিল এই আইডিয়া। যে কারণে গত কয়েকদিন ধরে খরিদ্দারের সংখ্যা বাড়ছিল হুহু করে। তবে পাহাড়ি নদীতে হঠাৎ করে হড়পার বিপদের কথা মাথায় আসেনি।'

হোটেল কর্তৃপক্ষের কাছেই জানা গেল, জাতীয় সড়কের ধারে এই হোটেলের খরিদ্দারদের বেশিরভাগই ওদলাবাড়ির বাইরে থেকে আসেন। মূলত তরুণ প্রজন্মেরই ভিড় এখানে বেশি। কাছাকাছি লুপ পুল, চালতা ফরেস্ট ঘুরে এখানেই খাওয়াদাওয়া সেরে ফিরে যান তাঁরা। নদীর বুকে রেস্তোরাঁ চালানোর বিপজ্জনক প্রবণতা নিয়ে অবশ্য তাঁদের কারওকিছু মাথায় আসেনি।

এদিন ওই হোটেলে এসেছিলেন শিলিগুড়ির দুই তরুণ। জলস্তর বেড়ে যাওয়ায় এদিনের মতো নদীর বুকে পা ভিজিয়ে খানাপিনা বন্ধ দেখে তাঁদের মন খারাপ। তাঁদেরই একজন সুভাষপল্লির সুজিত বিশ্বাস বলেন, 'এই প্রবণতা যে সত্যিই বিপজ্জনক তা ভাবনাতেই আসেনি।'

গত ১২ জুন নাগরাকাটা সংলগ্ন খরস্রোতা ডায়না নদীতে স্নান করতে নেমে দুই ছাত্রের ভেসে যাওয়ার ঘটনার পর জেলাজুড়েই পাহাড়ি নদীগুলিতে নেমে স্নান করা, ছবি তোলা, রিলস বানানো ইত্যাদির ওপর নিষেধাজ্ঞা জারি করেছিল জেলা প্রশাসন। নদীগুলোতে নোটিশ বোর্ড লাগিয়ে সাধারণ মানুষকে সচেতন করার পাশাপাশি নিয়মিত টহলদারিও শুরু করেছিল পুলিশ। দিনকয়েক পেরোতেই অবশ্য সেসব কড়াকড়ি শিকেয় উঠেছে। সেই সুযোগে প্রশাসনের সেই নির্দেশের পরোয়া না করে নদীর বুকে রেস্তোরাঁ চালু করে দিয়েছে ওদলাবাড়ির ওই হোটেল কর্তৃপক্ষ।

সেচ দপ্তরের মালের এসডিও প্রসেনজিৎ চৌধুরী বলেন, 'বিষয়টি আমার জানা ছিল না। বুধবারই ওই হোটেল কর্তৃপক্ষকে নোটিশ করে এসব বন্ধ করতে বলা হবে।' মাল থানার আইসি সৌম্যজিৎ মল্লিক বলেন, 'পুলিশ অবিলম্বে এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নেবে। ভবিষ্যতেও যাতে কেউ এ ধরনের কোনও উদ্যোগ না নেন, সে বিষয়ে সচেতনতামূলক প্রচার করা হবে।'



পাঠকের লেন্সে
8597258697
picforubs@gmail.com

পুজোর বেশি দেরি নেই।।
*ছবিটি তুলেছেন ময়নাগুড়ির উৎপল রায়।*

# উদ্ধার পশু চিকিৎসকের পচাগলা দেহ

**শিলিগুড়ি, ১৫ জুলাই :** পচাগলা দেহ মিলল নিখোঁজ পশু চিকিৎসকের। তিনদিন আগে প্রাতর্ভ্রমণে বেরিয়ে নিখোঁজ হয়ে গিয়েছিলেন লেনদুপ ভুটিয়া। মঙ্গলবার ভক্তিনগর থানার রাজফাঁপড়ি এলাকা থেকে তেত্রিশ বছর বয়সি ওই চিকিৎসকের দেহ উদ্ধার হয়। তবে খুন নাকি প্রাতর্ভ্রমণে বেরিয়ে অসুস্থ হয়ে মৃত্যু হয়েছে, সেটা এখনও স্পষ্ট হয়নি। ফলে রহস্য তৈরি হয়েছে।

১২ জুলাই সকালে বেরিয়ে শালুগাড়ার বাসিন্দা লেনদুপ নির্ধারিত সময়ের পরেও বাড়ি ফেরেননি। বাড়ি থেকে বের হওয়ার সময় তিনি মোবাইলও নিয়ে যাননি বলে পরিবার সূত্রে খবর। পরিবার-পরিজনদের তরফে সম্ভাব্য সব জায়গায় খোঁজ করা হয়েছিল। কিন্তু ওই পশু চিকিৎসকের কোনও সন্ধান মেলেনি। তারপর সেদিনই ভক্তিনগর থানায় নিখোঁজের অভিযোগ দায়ের করা হয়।

এদিকে, বিভিন্ন জায়গায় পুলিশ এবং চিকিৎসকের পরিবারের সদস্যরা লাগাতার খোঁজ চালাচ্ছিলেন। এদিন বিকেলে রাজফাঁপড়ির এক বাসিন্দা জঙ্গল লাগোয়া এলাকায় এক অজ্ঞাতপরিচয় ব্যক্তির দেহ পড়ে থাকতে দেখেন। খবর দেওয়া হয় পুলিশে। এরপর পুলিশ সন্দেহের বশে চিকিৎসকের পরিবারের সদস্যদের খবর দেন। পরিবারের সদস্যরা লেনদুপের জুতো এবং ঘড়ি দেখে তাঁর দেহ শনাক্ত করেন। পশু চিকিৎসকের মৃত্যুতে পরিবারের সদস্যরা কান্নায় ভেঙে পড়েন।

এদিকে, শেষ পাওয়া খবর পর্যন্ত পরিবারের তরফে খুনের কোনও মামলা রুজু করা হয়নি। ঘটনাস্থল থেকে পুলিশ সন্দেহজনক কিছু পায়নি বলে খবর। তবে দেহটি ময়নাতদন্ত করার জন্য এদিন উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে পাঠানো হয়। পুলিশ তদন্ত শুরু করেছে।

> কিছু একটা নিয়ে খুব চিন্তা করছিল। তবে ঠিক কী নিয়ে চিন্তায় ছিল, সেটা ও আমাদের বলতে চায়নি। এভাবে যে আমাদের বন্ধুর মৃত্যু হবে, সেটা কল্পনাও করতে পারছি না।
>
> **কাদিম ছিরিং ভুটিয়া**
> *মৃতের বন্ধু*

পরিবার সূত্রে জানা গিয়েছে, লেনদুপ কোচবিহারে গিয়ে প্র্যাকটিস করতেন। তবে কয়েকদিন ধরে কোনও ব্যাপার নিয়ে তিনি চিন্তায় ছিলেন বলে পরিবারের সদস্যরা লক্ষ করেন। মৃতের বন্ধু কাদিম ছিরিং ভুটিয়া বলছেন, 'কিছু একটা নিয়ে খুব চিন্তা করছিল। তবে ঠিক কী নিয়ে চিন্তায় ছিল, সেটা ও আমাদের বলতে চায়নি। এভাবে যে আমাদের বন্ধুর মৃত্যু হবে, সেটা কল্পনাও করতে পারছি না।'

# স্কুলে অবস্থান বিক্ষোভে শিক্ষকরা

**অরুণ ঝা**

**ইসলামপুর, ১৫ জুলাই :** পরিকাঠামো ও শিক্ষার মানোন্নয়নের দাবিতে রামগঞ্জ হাইস্কুলে মঙ্গলবার অবস্থান বিক্ষোভে বসলেন শিক্ষক ও শিক্ষাকর্মীরা। স্কুল চত্বরে পোস্টার লাগিয়ে, প্ল্যাকার্ড হাতে বিক্ষোভ দেখান তাঁরা। কর্তৃপক্ষের বিরুদ্ধে উদাসীনতার অভিযোগ তুলে দাবি পূরণ না হওয়া পর্যন্ত আন্দোলন চালিয়ে যাওয়ার হুঁশিয়ারি দিয়েছেন বিক্ষোভকারীরা। ইসলামপুর ব্লক প্রশাসন বিষয়টি খতিয়ে দেখে তদন্ত রিপোর্ট জমা দেওয়ার নির্দেশ দিয়েছে। এই প্রসঙ্গে বিডিও দীপান্বিতা বর্মন বলেন, 'শিক্ষা দপ্তরের আধিকারিককে ঘটনার তদন্ত করতে বলেছি। রিপোর্ট পেলে যথাযথ পদক্ষেপ করা হবে।'

বিক্ষোভকারী শিক্ষক-শিক্ষিকারা জানিয়েছেন, বহুদিন ধরে পড়ুয়ারা পরিস্রুত পানীয় জল, পরিষ্কার শৌচাগার থেকে বঞ্চিত। শ্রেণিকক্ষে পর্যাপ্ত আলো ও পাখা নেই। মিড-ডে মিলের গুণমানও খারাপ। একাধিকবার সমস্যার কথা বলা সত্ত্বেও কোনও কার্যকরী ব্যবস্থা নেওয়া হয়নি। এর ফলে ছাত্রছাত্রীদের পড়াশোনা মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। তাঁদের আরও দাবি, বিদ্যালয়ে সিসিটিভি লাগানো, বিজ্ঞান বিভাগে প্রয়োজনীয় উপকরণ সরবরাহ



*রামগঞ্জ হাইস্কুলে শিক্ষকদের অবস্থান বিক্ষোভ। মঙ্গলবার।*

এবং শিক্ষক ও শিক্ষাকর্মী নিয়োগ করতে হবে। স্কুলের খেলার মাঠ বেদখল হতে থাকলেও কর্তৃপক্ষের হুঁশ নেই বলেও আন্দোলনকারীরা ক্ষোভ উগরে দিয়েছেন। শিক্ষকদের ভোটদান প্রক্রিয়ার মধ্য দিয়ে টিচার্স রিপ্রেজেন্টেটিভ (টিআর) নিয়োগের দাবিতেও সরব হয়েছেন তাঁরা।

আন্দোলনকারীরা জানিয়েছেন, যদি শীঘ্র সমস্যার সমাধান না হয়, তাহলে তাঁরা বৃহত্তর আন্দোলনে যেতে বাধ্য হবেন। আন্দোলনকারীদের পক্ষে স্কুলের শিক্ষক মিঠুন দত্ত বলেন, 'দীর্ঘদিন ধরে আমরা স্কুলের পরিকাঠামো নিয়ে সরব হয়েছি। কিন্তু কর্তৃপক্ষের টনক নড়েনি। পড়ুয়াদের স্বার্থেই আমরা আন্দোলনে নামতে বাধ্য হয়েছি।'

এদিকে, স্কুলের শিক্ষক-শিক্ষিকাদের বিরুদ্ধে রাজনৈতিক চক্রান্তে জড়িয়ে পড়ার অভিযোগ তুলেছেন প্রধান শিক্ষিকা অপর্ণা শূর ও পরিচালন কমিটির সভাপতি রেজিনা বেগম। প্রধান শিক্ষিকা বলেছেন, 'আমি শিক্ষকদের সঙ্গে সংঘাতে যেতে চাই না। তবে আমাকে হেনস্তা করতেই তাঁরা এসব করছেন।' এই প্রসঙ্গে মিঠুনের যুক্তি, 'আমরা রাজনীতি নয়, পড়ুয়া ও স্কুলের স্বার্থে সরব হয়েছি। কর্তৃপক্ষ রাজনীতির প্রসঙ্গ টেনে মোড় ঘোরাতে চাইছে।'

পরিচালন কমিটির সভাপতি রেজিনা বলেন, 'কিছু শিক্ষক এই ধরনের সমস্যার সৃষ্টি করছেন। হয়তো তাঁদের নেতা হওয়ার শখ হয়েছে। আচমকা ১২ জুলাই ওঁরা ক্লাস বয়কট করেছিলেন। তখনই বুঝেছিলাম, খারাপ অভিসন্ধি রয়েছে।'

### ট্র্যাক্টর বাজেয়াপ্ত

**চোপড়া, ১৫ জুলাই :** চোপড়ার হাপতিয়াগছ গ্রাম পঞ্চায়েতের চিতলঘাটায় মঙ্গলবার বালি খাদানে অভিযানে নেমে একটি ট্র্যাক্টর বাজেয়াপ্ত করেছে পুলিশ। তবে কাউকে গ্রেপ্তার করা যায়নি। স্থানীয়রা বলছেন, এলাকায় রমরমিয়ে বালির কারবার চলছে। বর্ষার কারণে প্রশাসন থেকে নিষেধাজ্ঞা জারি হলেও বালি তোলার কাজ চালু রয়েছে। পুলিশ জানিয়েছে, এলাকায় নিয়মিত অভিযান জারি রয়েছে।

### ছেলের মৃত্যুতে আটক বাবা

**গোয়ালপোখর, ১৫ জুলাই :** সোমবার সন্ধ্যায় চাষের জমিতে জল দিতে গিয়েছিল বছর ষোলোর মহম্মদ মিশকাতুল। রাতে তার শ্যালো মেশিনের ঘরেই ঘুমোনোর কথা ছিল। অথচ সন্দেহ হওয়ায় নাতিকে দেখতে গিয়ে আঁতকে ওঠেন মহম্মদ ইয়াসিন। পুলিশ এসে মিশকাতুলের মৃতদেহ ময়নাতদন্তের জন্য পাঠায়। গোয়ালপোখর থানার পুলিশ জানিয়েছে, জিজ্ঞাসাবাদের জন্য একজনকে আটক করে তদন্ত শুরু হয়েছে। আটক ব্যক্তি মৃতর বাবা আবদুল বারিক। ঘটনাটি গোয়ালপোখরের ভেন্ডাবাড়ির।

মিশকাতুলের বাবার বাড়ি করণদিঘি থানার রসাখোয়ায়। তবে বাবার দ্বিতীয় বিয়ের পর থেকেই সে দাদুর বাড়িতেই থাকতে শুরু করে। সম্প্রতি সমস্যা শুরু হয়। অভিযোগ, আবদুল নাকি তাকে রসাখোয়ার বাড়িতে ফিরে যেতে চাপ দিচ্ছিলেন। যদিও সেই প্রস্তাবে সাড়া দেয়নি মিশকাতুল। এরই মধ্যে মিশকাতুল জমিতে জল দিতে গিয়েছিল।

মিশকাতুলের দাদু মহম্মদ ইয়াসিনের দাবি, 'দীর্ঘদিন ধরে জামাই আবদুলকে এলাকায় দেখা যায়নি। হঠাৎ সেদিন তাকে দেখে খটকা লেগেছিল। জিজ্ঞেস করলাম, এত রাতে এখানে কেন ঘুরছে? উত্তরে ও জানাল, মিশকাতুলের ফোন বন্ধ থাকায় তার সঙ্গে যোগাযোগ করতে পারছে না। নাতিকে শ্যালোর ঘরে খুঁজতে গিয়ে দেখি, সে নীচে পড়ে আছে। ওর গলায় একাধিক দাগ দেখেছি।' বিষয়টি জানাজানি হতেই স্থানীয়রা আবদুলকে আটক করে পুলিশের হাতে তুলে দেন। ইয়াসিন বললেন, 'নাতিকে মারতে কেউ দেখেনি। তবে ওর বাবার আচরণে আমাদের সন্দেহ হয়েছে। আমরা তদন্তের দাবি জানিয়েছি।'

# চুরির পর কেক খেতে গিয়ে ধৃত ভাইবোন

**রাজু সাহা**

**শামুকতলা, ১৫ জুলাই :** বড়দের তত্ত্বাবধানে নিখুঁত 'অপারেশন'। পরপর তিনটি দোকানে চুরি সেরে ফেললেও শেষপর্যন্ত হার মানতে হল লোভের কাছে। মঙ্গলবার ভোরে শামুকতলা বাসস্ট্যান্ড এলাকায় দুটি মোবাইল ফোন ও একটি কেকের দোকানে চুরি হয়। হাতেনাতে ধরা পড়ে বারো বছরের এক কিশোরী ও চোদ্দো বছরের এক কিশোর। মোবাইল ফোন সহ বিভিন্ন জিনিস চুরির পর পাশের কেকের দোকানে বসে কেক খায়। এসব করতে গিয়ে দেরি হয়ে যায়। ততক্ষণে ব্যস্ত বাসস্ট্যান্ড এলাকায় লোকজন চলে এসেছেন। তাঁদেরই মধ্যে একজন অটোচালক তাদের দেখে ফেলেন। তিনিই বাকিদের খবর দেন। পুলিশ বলছে, এর পিছনে বড়দের গ্যাং রয়েছে। তারা বাচ্চাদের কাজে লাগাচ্ছে।

ধৃত দুজন সম্পর্কে ভাইবোন। এর আগেও কমবয়সিদের চুরির কাজে লাগানোর অভিযোগ উঠেছে। শামুকতলা থানার বেশ কয়েকটি চুরির ঘটনায় তদন্তে নেমে পুলিশ এর আগেও এমন কমবয়সি দুষ্কৃতীদের ধরেছে। তবে কিশোরী ধরা পড়ার ঘটনা মনে করতে পারছে না পুলিশও। শামুকতলা থানার ওসি বিশ্বজিৎ দে বলেন, 'তিনটি দোকানে চুরির ঘটনায় এক কিশোর ও এক কিশোরীকে আমরা ধরেছি। এদের বয়স ১২ থেকে ১৪ বছরের মধ্যে। এর আগে বাচ্চা ছেলেদের বিভিন্ন চুরির ঘটনায় নাম জড়িয়েছে। কিন্তু এভাবে ১২ বছরের কিশোরীকে চুরির ঘটনায় জড়িত থাকতে দেখে আমরা রীতিমতো উদ্বিগ্ন। এই চুরির পিছনে বয়স্ক কোনও ব্যক্তি জড়িত রয়েছে বলে আমরা সন্দেহ করছি।' চক্রের মূল পান্ডার হদিস পেতে ধৃত কিশোর-কিশোরীর সঙ্গে গল্প করে তথ্য জানার চেষ্টা করছে পুলিশ।

তদন্তকারী পুলিশ অফিসার প্রশান্ত বর্মনের কথায়, 'আশপাশের সিসিটিভি ক্যামেরার ফুটেজগুলিও আমরা সংগ্রহ করছি। চুরি যাওয়া কিছু মালপত্র বাজেয়াপ্ত করেছি। এই চুরির পিছনে আর কারা আছে সেটা জানার চেষ্টা চালানো হচ্ছে।'



*চুরির পর শামুকতলা বাসস্ট্যান্ড এলাকায় একটি দোকানের সামনে ভিড়।*

মোবাইল ফোনের দোকানের মালিক নুর মহম্মদ ভোর সাড়ে ৪টা নাগাদ স্থানীয়দের ফোনে জানতে পারেন, তাঁর দোকানে চোর ঢুকেছে। দ্রুত দোকানে এসে দেখেন, কাঠের দরজা ভাঙা। পাশের কেকের দোকান ও অন্য একটি মোবাইলের দোকানের দরজাও একইভাবে ভাঙা। নুর বলেন, 'শামুকতলা বস্তি এলাকার কমবয়সি একটি ছেলে এবং একটি মেয়ে চুরির উদ্দেশ্যে আমার এবং পাশের দুই দোকানে ঢুকেছিল। তাদের আমরা হাতেনাতে ধরে ফেলি। দোকানের ভেতরে গিয়ে দেখি বেশ কিছু সামগ্রী, মোবাইল ফোন, ইয়ার বাডস, স্মার্টওয়াচ সহ অন্যান্য অনেক সামগ্রী চুরি হয়েছে। কেকের দোকানে কোনও জিনিস চুরি না করলেও তারা দুটি কেক খেয়েছে।'

**অবাক সবাই**

- মঙ্গলবার ভোরে শামুকতলা বাসস্ট্যান্ড এলাকায় দুটি মোবাইল ফোন ও একটি কেকের দোকানে চুরি
- হাতেনাতে ধরা পড়ে বারো বছরের এক কিশোরী ও চোদ্দো বছরের এক কিশোর
- মোবাইল সহ বিভিন্ন জিনিস চুরির পর পাশের কেকের দোকানে বসে তারা কেক খায়

দেবব্রত পাল নামে অন্য এক ব্যবসায়ী বলেন, 'আমি মোবাইল ফোনের বিভিন্ন সামগ্রী বিক্রি করি। দোকান থেকে চারটি স্পিকার চুরি হয়েছে। ১২ বছরের একটি মেয়ে এই চুরির ঘটনায় জড়িত জানতে পেরে আমরা অবাক।'

ওই দুজন পাশের একটি গলিতে কিছু চোরাই সামগ্রী লুকিয়ে রেখেছিল। সেসব উদ্ধার করা হয়েছে। তবে পুলিশ বলছে, তাদের সঙ্গে বড় কেউ ছিল। সে অবস্থা বেগতিক দেখে পালিয়ে গিয়েছে। তার সঙ্গে আরও চোরাই সামগ্রী ছিল বলে মনে করা হচ্ছে।

শিবলিঙ্গে জল ঢালতে জল্পেশ, জয়ন্তী, বাবাধামে পাড়ি দেন শিলিগুড়ির বহু ভক্ত। অনেকে আবার যান বাগডোগরা লাগোয়া জংলিবাবার মন্দিরেও। বাংলা ক্যালেন্ডার অনুযায়ী, আগামী শুক্রবার থেকে শুরু হচ্ছে শ্রাবণ মাস। শিবের আরাধনায় এখন জায়গা করে নিয়েছে ‘ড্রেস কোড’।

# শিব ভক্তদেরও নজর পোশাকে







তমালিকা দে

**শিলিগুড়ি, ১৫ জুলাই :** শ্রাবণে ভোলেবাবার আরাধনায় শামিল হন শিবভক্তরা। শিবলিঙ্গে জল ঢালতে জল্পেশ, জয়ন্তী, বাবাধামে পাড়ি দেন শিলিগুড়ির বহু ভক্ত। অনেকে আবার যান বাগডোগরা লাগোয়া জংলিবাবার মন্দিরেও। বাংলা ক্যালেন্ডার অনুযায়ী, আগামী শুক্রবার থেকে শুরু হচ্ছে শ্রাবণ মাস। প্রথম সোমবার থেকে পুণ্যার্থীদের ভিড়ে মুখরিত হবে মন্দির চত্বর। তবে শিবের আরাধনায় এখন জায়গা করে নিয়েছে ‘ড্রেস কোড’। অনেক ভক্তই এবিষয়ে খুব সচেতন। অন্তত মহাবীরস্থানের পোশাকের ক্রেতা-বিক্রেতাদের সঙ্গে কথা বলে এমনটাই বোঝা গেল। অনেকে দোকানে গিয়ে জিজ্ঞেস করছেন শিবপুজোর কুর্তি হবে দাদা? ক্রেতার দাবি মেনে বিক্রেতারাও হাসিমুখে তেমন কুর্তি বের করে দেখাচ্ছেন।

মহাবীরস্থানের পাশাপাশি বিধান মার্কেটে গেলেও চোখে পড়বে শিবপুজোর টি-শার্ট, কুর্তি, পাঞ্জাবি সহ নানা পোশাকের সম্ভার। কোনও পোশাকে শিবলিঙ্গ আঁকা, কোনওটাতে আবার শিবের ছবি। এমনকি শিবের ছবি দেওয়া ব্যাগও পাওয়া যাচ্ছে।



মহাবীরস্থানের দোকানে শিবপুজোর জন্য বিশেষ পোশাক।

মহাবীরস্থানের সংকটমোচন মন্দিরের পাশে জামাকাপড়ের দোকান রয়েছে নাড়ু পালের। শিবপুজোর জন্য নতুন পোশাকের চাহিদা নিয়ে প্রশ্ন করতেই হেসে নাড়ু বললেন, ‘এখন তো এটাই ট্রেন্ড।’

বাংলা ক্যালেন্ডার অনুযায়ী, আগামী শুক্রবার থেকে শ্রাবণ মাস শুরু হলেও, অনেকে গুরুপূর্ণিমার পরের সোমবার থেকেই শিব আরাধনায় শামিল হয়েছেন। পুরো শ্রাবণ মাস শিবের আরাধনা করবেন ভক্তরা। ভক্তি তো রয়েইছে, এবার তার মধ্যে জায়গা করে নিয়েছে ‘ড্রেস কোড’। হোলি, ক্রিসমাসের মতো এখন বাজারে পাওয়া যাচ্ছে শিবপুজোর জামা। শিশু থেকে বয়স্ক সকলের মাপেই রয়েছে এই পোশাক।

বিধান মার্কেটের পোশাক বিক্রেতা সমর সরকারের কথায়, ‘বেশিরভাগ ভক্তই কমলা জামায় শিবের ছবি দেওয়া পোশাক কিনছেন।’

শহরের কাছাকাছি রয়েছে জংলিবাবার মন্দির, এছাড়াও অনেকে জল্পেশ, শিবখোলা, সেবক শিব মন্দিরে পুজো দিতে যান এই মাসে। সেকারণে পোশাক কেনার জন্য বাজারে ভিড় জমাচ্ছেন অনেকেই। মহাবীরস্থানে শিবপুজোর জামা কিনতে এসেছিলেন মিলনপল্লির বাসিন্দা তনিমা সেনগুপ্ত। তিনি বললেন, ‘শিবপুজো যে শুরু, তা বাজারে গেলেই বোঝা যাচ্ছে।’

বিক্রেতারা জানালেন, পোশাকের দাম শুরু হচ্ছে একশো টাকা থেকে। এছাড়াও দুশো টাকায় পাওয়া যাচ্ছে ব্যাগ। চাহিদা থাকায় বিক্রিও হচ্ছে ভালোই। অন্যদিকে, শিবের আরাধনার জন্য পছন্দসই পোশাক পেয়ে খুশি ক্রেতারাও।

আগামী শুক্রবার থেকে শুরু হচ্ছে শ্রাবণ মাস। প্রথম সোমবার থেকে পুণ্যার্থীদের ভিড়ে মুখরিত হবে মন্দির চত্বর

শিবের আরাধনায় এখন জায়গা করে নিয়েছে ‘ড্রেস কোড’। অনেক ভক্তই এবিষয়ে খুব সচেতন। অন্তত মহাবীরস্থানের পোশাকের ক্রেতা-বিক্রেতাদের সঙ্গে কথা বলে এমনটাই বোঝা গেল

মহাবীরস্থানের পাশাপাশি বিধান মার্কেটে গেলেও চোখে পড়বে শিবপুজোর টি-শার্ট, কুর্তি, পাঞ্জাবি সহ নানা পোশাকের সম্ভার

কোনও পোশাকে শিবলিঙ্গ আঁকা, কোনওটাতে আবার শিবের ছবি। এমনকি শিবের ছবি দেওয়া ব্যাগও পাওয়া যাচ্ছে

পোশাকের দাম শুরু হচ্ছে একশো টাকা থেকে। এছাড়াও পাওয়া যাচ্ছে ব্যাগ

## অ্যাম্বুল্যান্সে বসেই মাদক সেবন

# এক টানেতে যেমন তেমন...

অরুণ ঝা

**ইসলামপুর, ১৫ জুলাই :** ‘এক টানেতে যেমন তেমন, দুই টানেতে রুগী, তিন টানেতে রাজা উজীর, চার টানেতে সুখী...’, পাঠক ভাবছেন হঠাৎ নয়ের দশক কাঁপানো ত্রয়ী ছবির এই গান নিয়ে কেন পড়লাম? আসলে কারণটা হল ইসলামপুর মহকুমা হাসপাতাল চত্বর। সূয্যি মামা পাটে যেতেই এখানে বসছে মদ-গাঁজার আসর। বাদ যাচ্ছে না ব্রাউন সুগারও। রমরমিয়ে মাদক সেবন চলছে অ্যাম্বুল্যান্সে বসেই! ভাবুন একবার। রাত গভীর হওয়ার সঙ্গে সঙ্গে চত্বরে বাড়ছে নেশাগ্রস্তদের দৌরাত্ম্য। এতে রোগীর পরিজনদের পাশাপাশি অতিষ্ঠ হাসপাতাল কর্তৃপক্ষ। এবিষয়ে পদক্ষেপের জন্য পুলিশের কাছে লিখিতভাবে আর্জি জানিয়েছেন হাসপাতালের সহকারী সুপার সন্দীপন মুখোপাধ্যায়। ইসলামপুরের অতিরিক্ত পুলিশ সুপার ডেন্ডুপ শেরপা জানিয়েছেন, কড়া পদক্ষেপ করা হবে।

তবে ইসলামপুর হাসপাতাল চত্বরে মাদকাসক্তদের দাপট নতুন ঘটনা নয়। মাঝে কড়া পদক্ষেপের জেরে এসব পুরোপুরি বন্ধ হয়ে গিয়েছিল। কিন্তু সম্প্রতি ফের নেশাগ্রস্তদের দৌরাত্ম্য শুরু হয়েছে। চত্বরে অস্থায়ী ঠেক বানাতে শুরু করেছে তারা। হাসপাতালের মর্গের দিকে যাওয়ার রাস্তায়, জেনারেটর ঘরের আড়ালে, গাড়ি পার্কিংয়ের পিছনে থাকা শেডের আড়ালে ঠেক বানিয়েছে মাদকাসক্তরা। অভিযোগ, বেসরকারি অ্যাম্বুল্যান্সের ভিতরেও বসছে মদের আসর। চুপিসারে চলছে গাঁজার পুরিয়া কেনাবেচাও। রাত যত বাড়তে থাকে ততই চত্বরে বাড়ে মাদকাসক্তদের আনাগোনা। এরা নিজেদের মধ্যে ঝামেলায় জড়িয়ে পড়ছে। গালিগালাজ করছে। এতে নিরাপত্তার অভাব বোধ করছেন রোগীর পরিজনরা।

এক অ্যাম্বুল্যান্সচালকের কথায়, ‘অ্যাম্বুল্যান্সের ভিতর মদ সহ নানা ধরনের নেশা চলছে। এমনকি সেখানে মধুচক্রের আসরও বসানো হচ্ছে। কিছু মানুষের কারণে আমাদের সকলের বদনাম হচ্ছে।’

এদিকে, রোগীকে অন্যত্র রেফার করা হলে তাঁকে সেখানে নিয়ে যেতে পরিজনদের সমস্যায় পড়তে হচ্ছে। নেপথ্যে মাদকাসক্তরা। কোন অ্যাম্বুল্যান্সে রোগীকে নিয়ে যাওয়া হবে, সেটা নাকি নেশাগ্রস্তরা ঠিক করে দেয়! রোগীর পরিবার প্রতিবাদের সাহস পায় না।

নাম প্রকাশ না করার শর্তে এক রোগীর পরিজন বলেছেন, ‘আমি প্রতিবাদ করতেই মাদকাসক্তরা মারমুখী হয়ে উঠেছিল। সেই সময় হাসপাতালের কিছু কর্মী এসে আমাকে তাদের হাত থেকে বাঁচান।’

হাসপাতাল চত্বরে এদিক-সেদিক মদের বোতল পড়ে থাকতে দেখা যায় প্রায়ই। চত্বরে থাকা এক ওষুধের দোকানদারের অভিজ্ঞতা, ‘আমরা সব দেখেও চুপ থাকি। কারণ এদের সঙ্গে শত্রুতা করলে টিকে থাকা কঠিন।’

এবিষয়ে সহকারী সুপার সন্দীপন বলেছেন, ‘মাঝে এসব প্রায় বন্ধ হয়ে গিয়েছিল। তবে সম্প্রতি চক্রটি ফের সক্রিয় হয়েছে। পুলিশকে ব্যবস্থা নিতে লিখিত আর্জি জানিয়েছি।’ অতিরিক্ত পুলিশ সুপারের বক্তব্য, ‘হাসপাতাল চত্বরে পুলিশি টহলদারি বাড়ানোর পাশাপাশি মাদকাসক্তদের বিরুদ্ধে কড়া পদক্ষেপ করা হবে।’ এখন কবে নেশাগ্রস্তদের দৌরাত্ম্যে লাগাম পড়ে, সেদিকে তাকিয়ে সকলে।



ইসলামপুর হাসপাতাল চত্বরে পড়ে মদের বোতল।

### নেশায় বুঁদ

- ইসলামপুর মহকুমা হাসপাতাল চত্বরে বসছে মদ-গাঁজার আসর
- বাদ যাচ্ছে না ব্রাউন সুগারও
- রমরমিয়ে মাদক সেবন চলছে অ্যাম্বুল্যান্সে বসেই
- রাত গভীর হওয়ার সঙ্গে সঙ্গে চত্বরে বাড়ছে নেশাগ্রস্তদের দৌরাত্ম্য
- এবিষয়ে পদক্ষেপের জন্য পুলিশের কাছে লিখিতভাবে আর্জি জানিয়েছেন হাসপাতালের সহকারী সুপার

## দ্বিতীয় জলপ্রকল্পের এলাকা পরিদর্শন

# জঙ্গলে পাইপলাইন পাতার অনুমতি

রাহুল মজুমদার

**শিলিগুড়ি, ১৫ জুলাই :** মঙ্গলবার শিলিগুড়ির দ্বিতীয় জলপ্রকল্পে বন দপ্তরের ছাড়পত্র মিলতেই এলাকা পরিদর্শন করলেন বনাধিকারিকরা। সঙ্গে ছিলেন শিলিগুড়ি পুরনিগমের জল সরবরাহ বিভাগের আধিকারিকরা। এলাকা পরিদর্শনের পর যে জায়গায় পাইপলাইন বসানোর কাজ বাকি ছিল সেই এলাকায় গাছ সরানোর কাজ শুরু করেছে বন দপ্তর। প্রায় ৯ কিলোমিটার এলাকাজুড়ে গাছ তুলে পাইপলাইন পাততে হবে। ওই এলাকার পাশাপাশি বন্যপ্রাণ এলাকা, যেখানে জলাধার তৈরি হবে, সেই এলাকাও পরিদর্শন করেন আধিকারিকরা।

এ নিয়ে শিলিগুড়ির মেয়র গৌতম দেবের বক্তব্য, ‘যে এলাকায় পাইপলাইন পাতার জন্যে বন দপ্তরের অনুমতি প্রয়োজন ছিল, সেই এলাকায় কাজ শুরু হচ্ছে। বন দপ্তরের অনুমতি পেয়ে গিয়েছি। আর একটি ফাইল রাজ্য ওয়াইল্ডলাইফ বোর্ডের কাছে রয়েছে। সেটি কেন্দ্রীয় ওয়াইল্ডলাইফ বোর্ডে পাঠানো হবে।’

শিলিগুড়ি পুরনিগম এলাকায় প্রায় ৫৫০ কোটি টাকা ব্যয়ে পানীয় জলপ্রকল্পের কাজ করছে শিলিগুড়ি পুরনিগম। গজলডোবায় তিস্তা নদী থেকে জল পাইপলাইনের মাধ্যমে এনে ফুলবাড়িতে ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্টে পরিশোধন করা হবে। সেখান থেকে জল আবার পাইপলাইনের মাধ্যমে বাড়ি বাড়ি পাঠানো হবে। এই পর্যায়ে আরও ১০ হাজার বাড়ির সংযোগের জন্যে পাইপলাইন পাতা হচ্ছে। পাশাপাশি তিস্তা থেকে ফুলবাড়ি পর্যন্ত জল আনার জন্যেও পাইপলাইন পাতা হচ্ছে। কিন্তু ওই পাইপলাইন পাতার সময় মাঝপথে বৈকুণ্ঠপুর জঙ্গল পড়ছে। ওই জঙ্গলে পাইপ পাততে হলে বন দপ্তরের অনুমতি প্রয়োজন ছিল। সেই অনুমতির জন্যেই এতদিন পাইপ পাতার কাজ আটকে ছিল। মুখ্যমন্ত্রী শিলিগুড়িতে এসে আধিকারিকদের বিষয়টি দেখার নির্দেশ দেন। এরপরেই তড়িঘড়ি বন দপ্তরের প্রধান সচিব পদক্ষেপ করে শিলিগুড়ি পুরনিগমকে অনুমতি দিয়ে মেয়রকে চিঠির প্রতিলিপি হোয়াটসঅ্যাপ করেন। সেই অনুমতি পাওয়ার পর কাজ শুরু হয়। মঙ্গলবার ওই কাজ দেখতে গিয়েছিলেন বন দপ্তর এবং পুরনিগমের কর্তারা। কত গাছ সরাতে হবে, কোন গাছ কোথায় যাচ্ছে সেগুলি দেখা হয়। ১০ দিন লাগবে গাছ সরাতে। এরপর, শুরু হবে পাইপ পাতার কাজ।

### কী পরিকল্পনা


- তিস্তা থেকে ফুলবাড়ি পর্যন্ত জল আনার জন্য পাইপলাইন পাতা হচ্ছে
- কিন্তু ওই পাইপলাইন পাতার সময় মাঝপথে বৈকুণ্ঠপুর জঙ্গল পড়ছে
- ওই জঙ্গলে পাইপ পাততে হলে বন দপ্তরের অনুমতি প্রয়োজন ছিল
- অনুমতির জন্য এতদিন কাজ আটকে ছিল
- মুখ্যমন্ত্রী শিলিগুড়িতে এসে বিষয়টি দেখার নির্দেশ দেন



## ধর্ষণের চেষ্টা, ধৃত ১

**শিলিগুড়ি, ১৫ জুলাই :** বন্ধুর নাবালিকা মেয়েকে ধর্ষণের চেষ্টা করার অভিযোগে সোমবার রাতে প্রমোদ শর্মা নামে এক ব্যক্তিকে গ্রেপ্তার করে পুলিশ। অভিযোগ, নাবালিকা মেয়েকে বাড়িতে রেখে তার বাবা-মা বাইরে গিয়েছিলেন। সেই সুযোগে প্রমোদ ওই নাবালিকাকে ধর্ষণ করার চেষ্টা করেন। তারপর নাবালিকাকে প্রাণে মেরে ফেলার হুমকি দেন প্রমোদ।

নাবালিকা ভয়ে পরিবারের সদস্যদের ফোন করে বিষয়টি জানায়। অবস্থা বুঝে অভিযুক্ত বাড়ি থেকে পালিয়ে যান। নাবালিকার পরিবার সোমবার মাটিগাড়া থানায় অভিযোগ দায়ের করে। ধৃতের বিরুদ্ধে পুলিশ পকসো আইনে মামলা রুজু করে তদন্ত শুরু করেছে। নাবালিকার মা বলেন, ‘প্রমোদ আমাদের বাড়িতে এসেছিল। মেয়েকে বাড়িতে রেখে আমি বাজারে গিয়েছিলাম। বৃষ্টি নেমে যাওয়ায় আমার স্বামী আমাকে আনতে বাজারে এসেছিল। সেই সুযোগে প্রমোদ আমার মেয়েকে একা পেয়ে ধর্ষণের চেষ্টা করে।’ ধৃতকে মঙ্গলবার শিলিগুড়ি মহকুমা আদালতে তোলা হয়। বিচারক অভিযুক্তকে জেল হেপাজতের নির্দেশ দিয়েছেন।




## জন্মজয়ন্তী

**শিলিগুড়ি, ১৫ জুলাই :** শিলিগুড়ি বিগ আর্ট ফাউন্ডেশনের উদ্যোগে এবং দার্জিলিং ডিস্ট্রিক্ট লিগ্যাল এইড ফোরাম ও নর্থবেঙ্গল গ্রেটার আর্টিস্ট অ্যাসোসিয়েশনের সহযোগিতায় রামকিঙ্কর বেইজ-এর জন্মজয়ন্তী উদযাপিত হল। মঙ্গলবার শিলিগুড়ি দীনবন্ধু মঞ্চের রামকিঙ্কর প্রদর্শনী কক্ষে অনুষ্ঠান হয়। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিলিগুড়ির মেয়র গৌতম দেব। রামকিঙ্কর সম্পর্কে বক্তব্য রাখেন নাট্যকার পার্থপ্রতিম মিত্র, দার্জিলিং ডিস্ট্রিক্ট লিগ্যাল এইড ফোরামের প্রেসিডেন্ট অমিত সরকার, শিলিগুড়ি বিগ আর্ট ফাউন্ডেশনের কর্ণধার দীপায়ন ঘোষ প্রমুখ।

অন্যদিকে, পশ্চিমবঙ্গ বিজ্ঞানমঞ্চের দার্জিলিং শাখার তরফে অক্ষয়কুমার মিত্রর জন্মবার্ষিকী পালন করা হল। পাশাপাশি মঙ্গলবার সূর্য সেন পার্কে অবস্থিত বাংলার নবজাগরণের অন্যতম লেখক ও প্রবন্ধকার অক্ষয়কুমারের আবক্ষ মূর্তিতে পুষ্পার্ঘ্য অর্পণের মধ্য দিয়ে শ্রদ্ধা জানানো হয়।

## ঋণের চাপে

**শিলিগুড়ি, ১৫ জুলাই :** শিলিগুড়ি পুরনিগমের ২ নম্বর ওয়ার্ডের বাঘা যতীন কলোনির ২/৪ নম্বর রাস্তার বাসিন্দা বাপি দাসের অস্বাভাবিক মৃত্যুর ঘটনায় পুলিশের দ্বারস্থ হল মৃতের পরিবার। সোমবার বাড়িতে ঝুলন্ত অবস্থায় বাপির দেহ উদ্ধার হয়। পরিবার জানিয়েছে, বাপি ক্যানসার আক্রান্ত ছিলেন। তারপর আবার ঋণে জড়িয়ে পড়েন। বাড়ির লোকের দাবি, ঋণের চাপে এমন ঘটনা ঘটিয়েছেন। মৃতের আইনজীবী অলোক দাস জানান, যারা ঋণ দিয়েছিল তারা চড়া সুদ নিচ্ছিল। লাগাতার চাপ দেওয়ার ফলে বাধ্য হয়েই বাপি এই ঘটনা ঘটিয়েছেন। যাদের থেকে তিনি ঋণ নিয়েছিলেন তাদের বিরুদ্ধে প্রধাননগর থানায় লিখিত অভিযোগও জানানো হয়েছে।



শিলিগুড়ির জাবরাভিটা আন্ডারপাসের বেহাল দশা। যে কোনও সময় ঘটতে পারে দুর্ঘটনা। - সূত্রধর

## বিধায়ক তহবিলের পরিমাণ কম : গৌতম

# জয়ন্ত-শিখা বরাদ্দ দেননি, অভিযোগ

রাহুল মজুমদার

**শিলিগুড়ি, ১৫ জুলাই :** শংকর ঘোষের অভিযোগের জবাব ২৪ ঘণ্টার মধ্যে দিলেন গৌতম দেব। বিধায়ক উন্নয়ন তহবিলের টাকা তিনি অনুমোদন দেওয়ার পরেও রাজনৈতিক কারণে ব্যয় করতে দেওয়া হচ্ছে না বলে সোমবার অভিযোগ তুলেছিলেন বিধায়ক শংকর। মঙ্গলবার পালটা সাংবাদিক বৈঠকে মেয়র গৌতমের দাবি, ২০২৪-’২৫ এবং ২০২৫-’২৬ অর্থবর্ষে মোট ৪৬ লক্ষ টাকার কাজ দেওয়া হয়েছে বিধায়ক উন্নয়ন তহবিল থেকে। সেই কাজ শুরু করার নির্দেশও তিনি দিয়েছেন।

পাশাপাশি, ২০২২-’২৩ অর্থবর্ষের পর শিলিগুড়ি পুরনিগম এলাকায় দার্জিলিংয়ের সাংসদ রাজু বিস্ট আর কোনও কাজের অনুমোদন দেননি বলে মেয়রের অভিযোগ।

এদিন সাংবাদিক সম্মেলন করে মেয়র বলেন, ‘শংকর মোট ৪৬ লক্ষ টাকার কাজ দিয়েছিলেন। কিছু কাজ গত মাসে এসেছে। আমি সব কাজ করে দিতে বলেছি আগেই। আমাদের সামগ্রিক ডেভেলপমেন্টে বিধায়কদের টাকাটা খুবই কম। রাজু বিস্ট ২০২২-’২৩ অর্থবর্ষের পর আর কোনও কাজ দেননি। সাংসদের চারটি কাজ আমরা করে দিয়েছি। উনি ৬ লক্ষ টাকায় একটা অ্যাম্বুল্যান্স কেনার জন্য বলেছিলেন। কিন্তু ওই অ্যাম্বুল্যান্সের দাম ৯ লক্ষ টাকা। সেটার ফিজিবিলিটি রিপোর্ট জেলা শাসককে পাঠাচ্ছি।’ সেইসঙ্গে গৌতম জানান, রাজ্যসভার সাংসদ (বর্তমানে বিজেপির রাজ্য সভাপতি) শমীক ভট্টাচার্য শ্যাম মন্দির রোডে একটা ১৫ লক্ষ টাকার কাজ করার জন্য বলেছিলেন। কিন্তু ওই কাজটি ইতিমধ্যে স্টেট ডেভেলপমেন্ট স্কিমে শিলিগুড়ি পুরনিগম করছে। বিষয়টি চিঠি দিয়ে জানানো হচ্ছে শমীককে।

বিজেপির জয়ন্ত রায় ও শিখা চট্টোপাধ্যায়কেও বিঁধেছেন মেয়র। মেয়রের বক্তব্য, ‘সাংসদ জয়ন্ত রায় ডাবগ্রাম-ফুলবাড়ি এলাকা থেকে প্রায় ৬৬ শতাংশ ভোটে জিতেছেন। কিন্তু এক টাকাও সাংসদ উন্নয়ন তহবিল থেকে পুরনিগমের সংযোজিত এলাকার জন্য দেওয়া হয়নি। ডাবগ্রাম-ফুলবাড়ির বিধায়ক শিখা চট্টোপাধ্যায়ও এক টাকাও বিধায়ক উন্নয়ন তহবিল থেকে দেননি।’ মেয়রের অভিযোগের প্রেক্ষিতে শিখা বলছেন, ‘ওঁরা শংকরকেই কাজ করতে দিচ্ছেন না। আমাদেরও দেবেন না বলেছেন। কী টাকা বরাদ্দ হয়েছে, সেটা শংকর সাংবাদিক সম্মেলন করে বলেছেন, তাই জানাজানি হয়েছে। আমরা বলছি না, তাই জানাজানি হয়নি।’

## দুর্ঘটনায় জখম দুই

**ইসলামপুর, ১৫ জুলাই :** মঙ্গলবার ইসলামপুর শহর লাগোয়া কলেজ মোড় এলাকায় একটি চার চাকার গাড়ি দুর্ঘটনার শিকার হয়। ঘটনায় ২ জন জখম হয়েছেন। তবে তাঁদের চোট গুরুতর না হওয়ায় ইসলামপুর মহকুমা হাসপাতালে প্রাথমিক চিকিৎসার পর ছেড়ে দেওয়া হয়। ইসলামপুর গ্রাম পঞ্চায়েত প্রধান অসীমা পাল বলেন, ‘একটি টোটো আচমকা গাড়িটির সামনে চলে আসে। টোটোটিকে বাঁচাতে গিয়ে চার চাকা গাড়িটি বিদ্যুতের খুঁটিতে গিয়ে ধাক্কা মারে। মহকুমা শাসক ও বিডিওকে টোটো নিয়ন্ত্রণের জন্যে আর্জি জানাব। সঙ্গে ওই এলাকায় ট্রাফিক নিয়ন্ত্রণের জন্য সিভিক ভলান্টিয়ার প্রয়োজন।’

## গ্রেপ্তার দুই

**শিলিগুড়ি, ১৫ জুলাই :** বালি পাচারের অভিযোগে দুটি ডাম্পার সহ দুজনকে গ্রেপ্তার করল ভক্তিনগর থানার পুলিশ। ধৃতরা হলেন মালবাজারের বাসিন্দা কুমারবাহাদুর দোরজি ও বটতলা এলাকার অজয় দুবে। সোমবার রাতে দুজনকে গ্রেপ্তার করা হয়। মঙ্গলবার তাঁদের জলপাইগুড়ি আদালতে পেশ করা হয়। বিচারক অভিযুক্তদের জেল হেপাজতের নির্দেশ দিয়েছেন।

## চক্ষু পরীক্ষা

**ইসলামপুর, ১৫ জুলাই :** মঙ্গলবার গ্রেটার লায়ন্স ক্লাব এবং ক্ষুদিরামপল্লি সুকান্ত স্মৃতি বিদ্যাপীঠের উদ্যোগে পড়ুয়াদের জন্যে চক্ষু পরীক্ষা শিবিরের আয়োজন করা হয়। এদিন স্কুলের অধিকাংশ পড়ুয়ার চোখের সমস্যা ধরা পড়েছে। স্কুলের শিক্ষক গৌতম বর্মন বলেন, ‘এই শিবিরের ফলে পড়ুয়ারা উপকৃত হয়েছে। গ্রেটার লায়ন্স ক্লাবের উদ্যোগে পড়ুয়াদের চোখের সমস্যার চিকিৎসা করা হবে বলে জানানো হয়েছে।’

